ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১২৩ ● কলকাতা ● ২৪ বৈশাখ, ১৪৩১ ● মঙ্গলবার ● ০৭ মে, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা




সালমানের বাড়িতে গুলি: পুলিশ হেফাজতে অভিযুক্তের আত্মহত্যা

পৃঃ ৫



আলি খালিজকে হারিয়ে কিংস কাপের ফাইনালে আল নাসের

পৃঃ ৬

## আজ তৃতীয় দফার নির্বাচন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আজ তৃতীয় দফার নির্বাচন। তাই মঙ্গলবার যে সমস্ত কেন্দ্র ভোট হবে, ওই সমস্ত জায়গার প্রচার কর্মসূচি ইতিমধ্যেই শেষ হয়ে গিয়েছে। তবে অন্যান্য কেন্দ্রগুলিতে প্রচার অব্যাহত। সন্দেশখালি নিয়ে সোমবার কৃষ্ণনগরে মমতা সরকারকেই দুষলেন অমিত শাহ।লোকসভা নির্বাচনে অন্যতম ইস্যু হয়ে উঠেছে সন্দেশখালি। তা নিয়ে রাজনৈতিক মহলে লাগাতার চর্চা বিষয়টিকে যেন আরও বেশি করে প্রচারের আলোয় আনা হয়েছে। তারই মধ্যে 'স্টিং' অপারেশনে ভাইরাল ভিডিও বিতর্ক আরও বাড়িয়ে তুলেছে। যে ভিডিওতে স্থানীয় বিজেপি নেতাকেই বলতে শোনা গিয়েছে, সন্দেশখালিতে ধর্ষণের অভিযোগ ভুয়ো, সবটাই শুভেন্দু অধিকারীর পরিকল্পনামাফিক। বিজেপির পালটা দাবি, ওই ভিডিওর সত্যতা যাচাই করতে সিবিআই তদন্ত চাই।তিনি বলেন, "আগে মমতা বন্দ্যোপাধ্যায়কেই জবাব দিতে

এরপর ৩ পাতায়

## লোকসভা ভোটের প্রচার সভা থেকে
# বিজেপিকে তুলোধনা তৃণমূল সুপ্রিমো মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা ভোটের প্রচার সভা থেকে বিজেপিকে তুলোধনা তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধয়ায়ের। এবারের লোকসভা ভোটে বাংলার উপর বিশেষ নজর দিয়েছে বিজেপি। টার্গেট নিয়েছে ২০১৯ সালের তুলনায় আরও বেশি আসন ছিনিয়ে নেওয়ার। ভোট-বঙ্গে তেতে উঠছে রাজনীতির বাতাবরণ। চলছে আক্রমণ, পাল্টা আক্রমণের পালা।বোলপুরের সাইথিয়ায় সোমবারের জনসভা থেকে রেশন, একশো দিনের কাজের টাকা থেকে শুরু করে একের পর এক ইস্যুতে কেন্দ্রের বিজেপি সরকারকে একহাত নিলেন মমতা। তৃণমূল সুপ্রিমোর দাবি, 'বিনা পয়সায় চাল দিতে গেলে বছরে ৩২ হাজার কোটি টাকা লাগে ৯ কোটি লোকের জন্য। সব টাকা আমরা দিয়েছি। কেন্দ্র ২ বছর ধরে একটা পয়সাও দেয়নি।' এসবের মধ্যেই সোমবার নির্বাচনী জনসভা থেকে মমতা বললেন, 'আজ বিজেপি বড় বড় কথা বলছে, বাংলার বদনাম করছে। বলছে, বাংলা থেকে মমতা বন্দ্যোপাধ্যায়কে হঠাও।' এরপরই তৃণমূল নেত্রীর ক্ষিপ্র আক্রমণ, 'মমতা বন্দেয়াপাধ্যায় যতদিন বেঁচে থাকবে, বাংলায় থাকবে। তোদের কারও ক্ষমতা নেই মমতা বন্দ্যোপাধ্যায়ের একটা চুলও স্পর্শ করার।'
উল্লেখ্য, এবারের লোকসভা নির্বাচনে আরও বেশি আসনে জিতে তৃতীয় মোদী সরকার গঠনের টার্গেট নিয়েছে বিজেপির নেতৃত্বাধীন এনডিএ

এরপর ৩ পাতায়

## লক্ষীর ভান্ডার কি মমতা ও অভিষেকের
# বাপের টাকা না কি যে বন্ধ করে দেবে: অভিজিৎ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা ভোটের প্রচারে নন্দীগ্রাম থেকে ফের বিস্ফোরক মন্তব্য করলেন বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায়। লক্ষীর ভান্ডার বিজেপি জিতলে বন্ধ করে দেবে ভুল প্রচার চালাচ্ছেন মমতা বন্দ্যোপাধ্যায়। এই কথা বলতে গিয়ে তিনি বলেছেন, 'লক্ষীর ভান্ডার কি মমতা ও অভিষেকের বাপের টাকা? যে বন্ধ হয়ে যাবে'।তিনি শোভাযাত্রা করে মনোনয়ন জমা দিতে যাচ্ছিলেন সেসময় তৃণমূল কংগ্রেসের প্রাথমিক শিক্ষকদের ধর্না মঞ্চ থেকে চোর চোর স্লোগান শুরু হয়। তারপরেই বিজেপি কর্মীদের সঙ্গে ধস্তাধস্তি শুরু হয়ে এই নিয়ে রণক্ষেত্রের চেহারা নিয়েছিল গোটা এলাকা। তারপরেই বিজেপি প্রার্থী বিরুদ্ধে এফআইআর দায়ের করা হয়।ফের কুকথা প্রাক্তন বিচারপতি গঙ্গোপাধ্যায়ের মুখে, আজ নন্দীগ্রামের মঙ্গলচক প্রাথমিক বিদ্যালয় এলাকায় প্রচার ও জনসংযোগে যান প্রাক্তন বিচারপতি, সেখান থেকেই মমতা ও অভিষেক ব্যানার্জিকে আক্রমণ শানালেন অভিজিৎ গাঙ্গুলী, তৃনমুলকে আক্রমণ করতে গিয়ে প্রাক্তন বিচারপতি বলেন ফের কুকথা প্রাক্তন বিচারপতি গঙ্গোপাধ্যায়ের মুখে, আজ নন্দীগ্রামের মঙ্গলচক প্রাথমিক বিদ্যালয় এলাকায় প্রচার ও জনসংযোগে যান প্রাক্তন বিচারপতি, সেখান থেকেই মমতা ও অভিষেক ব্যানার্জিকে আক্রমণ শানালেন অভিজিৎ গাঙ্গুলী, তৃনমুলকে আক্রমণ করতে গিয়ে প্রাক্তন বিচারপতি বলেন লক্ষীর ভান্ডার কি মমতা ও অভিষেকের ' বাপের টাকা না কি যে বন্ধ করে দেবে' ।
নন্দীগ্রামে পথ সভায় বললেন ক্ষিপ্ত অভিজিৎ গাঙ্গুলী ।এদিন সকালে নন্দীগ্রামের মঙ্গলচকে

এরপর ৩ পাতায়

## সন্দেশখালি কাণ্ডের তদন্তে
# রাজ্যকে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সপ্তাহের সাতদিনই কোনও না কোনও কারণে সংবাদের শিরোনামে উঠে আসছে সন্দেশখালি । বিগত দু'দিন ধরে আবার 'স্টিং অপারেশনে'র ভিডিও নিয়ে তোলপাড় রাজ্য রাজনীতি। এসবের মাঝেই ফের একবার শেখ শাহজাহানের 'ডেরা'য় হাজির হল সিবিআই ।উল্লেখ্য, গত ১০ এপ্রিল সন্দেশখালির নারী নির্যাতন এবং জমি সম্বন্ধিত মামলার তদন্তভার সিবিআইয়ের হাতে তুলে দেয় কলকাতা হাই কোর্ট। বলা হয়, অভিযোগ নেওয়ার জন্য একটি পোর্টাল খুলতে হবে। সেই সঙ্গেই নির্দেশ দেওয়া হয়, সিবিআইয়ের কাছে সন্দেশখালির নিপীড়িতারা কীভাবে অভিযোগ জানাবেন সেটা রাজ্য সরকারকে সন্দেশখালি জুড়ে প্রচার করতে হবে। সোমবার কেন্দ্রীয় এজেন্সির তিন সদস্যের একটি দল হাজির হয়েছে সেখানে।
এদিন সিবিআই

এরপর ৩ পাতায়

## ১০০ দিনের কাজ করতে
# দেয় না বাংলাকে: মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সোম দুপুরে বীরভূম জেলার সাঁইথিয়ায় নির্বাচনী জনসভা সারলেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন তিনি বীরভূম লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী শতাব্দী রায়ের সমর্থনে সেই সভা করেন। ওই সভা থেকেই মমতা সরব হন বিজেপি ও নরেন্দ্র মোদির সরকারের বিরুদ্ধে।
এর পাশাপাশি মমতা বলেন, 'সারা দেশটাকে লুট করে দিয়েছে মোদী সরকার। আমি বললে দোষ হবে। যখন অর্থমন্ত্রীর স্বামী দাঁড়িয়ে বলেন, দেশ লুট হয়ে গেল, দেশে আর কোনও দিন ভোট হবে না যদি মোদী আবার আসে। নোটবন্দির সময় জনগণের টাকা লুট করেছে। সব লুট করেছে। দিল্লি সব টাকা বন্ধ করে দিয়েছে। আমাদের ১ কোটি ৭৪ লক্ষ টাকা বকেয়া। বলছে আপনারা নাকি বিনা পয়সায় গ্যাস পান, রেশন পান, বিদ্যুৎ পান। সত্যি করে বলুন তো আপনারা কী বিনা পয়সায় গ্যাস আর বিদ্যুৎ পান? রেশন কিন্তু আমরা এখনও আপনাদের বিনা পয়সাতেই দিয়ে যাচ্ছি। কেন্দ্রের দেওয়ার কথা বছরে ৯ হাজার কোটি টাকা। ৭ হাজার কোটি টাকা আমাদের দেওয়ার কথা। কিন্তু গত ২ বছর ধরে কেন্দ্র ১ পয়সাও দিচ্ছে না। আপনারা যে রেশন বিনামূল্যে পাচ্ছেন তার জন্য গত ২ বছরে আমাদের সরকার ৩২ হাজার কোটি টাকা খরচ করেছে। ভেবেছিল আমরা রেশনটা বন্ধ করে দেব, কিন্তু আমরা তা করিনি। তিন বছর ধরে ১০০ দিনের কাজ করতে দেয় না বাংলাকে। তা সত্ত্বেও আমরা নিজেদের ক্ষমতার জোরে একটা কর্মশ্রী প্রকল্প করছি। যেখানে জব কার্ড হোল্ডাররা বছরে ৫০ দিনের কাজ পাবেন। সব টাকা আমরা দেব।'

## সিবিআইয়ের কাছে কুন্তলের মামলার
# 'স্টেটাস' জানতে চেয়েছিলেন বিচারপতি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজভবনে শ্লীলতাহানীর তদন্ত চলছে তবে কোনও ব্যক্তি বিশেষের বিরুদ্ধে নয়। অনুসন্ধান করা হচ্ছে কী ঘটছিল সেখানে। তা রাজ্যপালের বিরুদ্ধে কোনও তদন্ত নয়। সোমবার লালবাজারের তরফে সংবাদমাধ্যমে এমনটাই জানানো হয়েছে।এই অভিযোগ পাওয়ার পরই একটি বিশেষ তদন্তকারী দল গঠন করে লালবাজার। তারা রাজভবনের সিসিটিভি ফুটেজও চায়। কিন্তু রবিবার রাজভবন থেকে বিবৃতি দিয়ে সংবিধানের ৩৬১ (২), (৩) ধারার কথা মনে করিয়ে দেওয়া হয়। এই ধারায় রাজ্যপালকে বিশেষ রক্ষাকবচ দেওয়া হয়েছে। তাঁর বিরুদ্ধে পুলিশ তদন্ত করতে পারবেন না। শুধু তাই নয় রাজভবনের কোনও স্থায়ী বা অস্থায়ী কর্মীর সঙ্গে ফোনে বা অনলাইনে যোগাযোগও করতে পারবেন না বলে জানিয়ে দেওয়া হয়। এই নির্দেশের পরই তদন্ত নিয়ে বিপাকে পরে পুলিশ। লালবাজারের থেকে যোগাযোগ করা হয় আইন বিশেজ্ঞদের সঙ্গে। তার পরই সিদ্ধান্ত নেওয়া হয় তদন্ত চলবে কোনও ব্যক্তি বিশেষের বিরুদ্ধে নয়। যে ঘটনা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে, তার সত্যতার অনুসন্ধানের জন্য।তবে তা এখনও মেলেনি। সেখানে নিযুক্ত পুলিশকর্মীদের সঙ্গেও কথা বলার চেষ্টা চলছে। এই শ্লীলতাহানীর অভিযোগের তদন্তে ইতিমধ্যেই বিশেষ তদন্তকারী টিম তৈরি করা হয়েছে। সেই টিমের নেতৃত্বে রয়েছেন ডিসি (সেন্ট্রাল) ইন্দিরা মুখোপাধ্যায়। তিনি জানিয়েছেন, রাজভবনের তরফে কেউ তাদের অনুসন্ধান প্রক্রিয়ায় সহায়তা করেনি। সেখানে দায়িত্বে থাকা পুলিশকর্মীদের সঙ্গে কথা বলে তদন্ত এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন তাঁরা।

এরপর ৩ পাতায়

## ২০১১ সালের আগে কোথায় ছিলে মা,
# লকেটকে উদ্দেশ্য করে বললেন অভিষেক





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সোম বিকালে দক্ষিণবঙ্গের হুগলি লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী তথা টলি নায়িকা রচনা বন্দ্যোপাধ্যায়ের সমর্থনে পান্ডুয়াতে জনসভায় যোগ দেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ।এর পাশাপাশি অভিষেক বলেন, 'বিজেপি আগে ইঁদুর ছিল। মানুষ বিজেপিকে ভোট দিয়ে তাকে দেশের ক্ষমতায় এনে বাঘ বানিয়ে দিয়েছে। মানুষ বিজেপিকে বাঘ করে দেওয়ার পর তারা ১০০ দিনের কাজের টাকা বন্ধ করে দিয়েছে। এবার মানুষের পালা বিজেপিকে আবার বাঘ থেকে ইঁদুর করে দেওয়ার। হুগলির মানুষকে সেটা করতে হবে। আমি শুনেছি, ওরা টাকা ছড়িয়ে ভোটে জিততে চাইছে। আমি বলবো, বিজেপি টাকা দিতে এলে নিয়ে নিন। ৫০০ টাকা দিতে এলে ১০০০ টাকা চান। ১০০০ টাকা দিতে এলে ২০০০ টাকা চান। ভোটের আগে এরা টাকা নিয়ে আসে। আমি মা ভাইদের বলব, এটা আপনাদের টাকা। পদ্মফুলের টাকা নিয়ে জোড়াফুলে ভোট দিন। এমন ভাবে ভোট দিন যাতে বিজেপির নেতারা চোখে সর্ষেফুল দেখেন। দুই দফাতেই বাবুদের মাথা ভেঙে গিয়েছে। হুগলির মানুষেরা ওদের কোমর ভেঙে দিন। যাকে ৫ বছর আগে ভোটে জিতিয়েছিলেন, তিনি কয়দিন এখানে ছিলেন? কতদিন আপনাদের সময় দিয়েছেন। আমাদের প্রার্থী কিন্তু এখানেই থাকবেন। আপনাদের ফেলে পালিয়ে যাবেন না।'আর সেই সভা থেকে তিনি নিশান করলেন ওই কেন্দ্রেরই বিজেপি সাংসদ তথা প্রার্থী যিনি টলিউডের আরেকজন নায়িকা সেই লকেট চট্টোপাধ্যায়কে। এদিন লকেটকে নিশান বানিয়ে অভিষেক বলেন, 'পাঁচ বছরে হুগলির সাংসদ হিসাবে কী কাজ করেছেন হুগলির বিজেপি সাংসদ লকেট চট্টোপাধ্যায়? গত পাঁচ বছরে কেন্দ্রীয় প্রকল্পের টাকা নিয়ে আসতে কেন্দ্রকে ক'টা চিঠি লিখেছেন লকেট চট্টোপাধ্যায়? যখন ভোট চাইতে আসবে তখন তাঁকে এগুলো জিজ্ঞাসা করবেন। বলছে বিজেপি ক্ষমতায় এলে তিন মাসের মধ্যে লক্ষীর ভান্ডার বন্ধ করবে। আমি বলছি, বিজেপি জেতা তো অনেক দূরের প্রশ্ন, আগে হুগলি থেকে তো লকেট জিতুন। এখন এখানে ওখানে ঘুরছ, ভাষণ দিচ্ছ। ২০১১ সালের আগে কোথায় ছিলে মা? মমতা বন্দ্যোপাধ্যায় না-থাকলে সিপিএমের বোমা-বন্দুকের কাছে তুমিও মাথা নত করতে।'



# সুন্দর বনে টর্নেডো সর্তকতা জারি, তার মধ্যে শুরু হলো ঝড় বৃষ্টি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তীব্র তাপপ্রবাহের পর গত সপ্তাহেই মিলেছে ঝড়-বৃষ্টির পূর্বাভাস । তারপর থেকেই অপেক্ষায় সবাই। কখন একটু বৃষ্টি নামবে ? তাপপ্রবাহ থেকে কখন মিলবে মুক্তি? অপেক্ষায় দক্ষিণ ২৪ পরগনার বাসিন্দারা। এদিকে স্বস্তির পূর্বাভাসের মধ্যেই এল শঙ্কার খবর।সোমবার ভারী বৃষ্টি-কালবৈশাখীর আশঙ্কা বীরভূম, মুর্শিদাবাদ, নদীয়ায় রয়েছে। মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে কলকাতা সহ দক্ষিণের বাকি জেলায়। উত্তরের সব জেলায় মাঝারি বৃষ্টি। আগামীকাল মঙ্গলবার ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনায়। উপকূলে অপেক্ষাকৃত বেশি বৃষ্টি। যার পরিমাণ ১০০ মিলিমিটার ছাড়াতে পারে। আগামীকাল বজ্রবিদ্যুৎ সহ হালকা বা মাঝারি বৃষ্টি দক্ষিণের সব জেলায়। সঙ্গে ৪০ কিলোমিটার পর্যন্ত বইতে পারে দমকা হাওয়া। একই রকম বৃষ্টি উত্তরেও।

পরশু বুধবার উত্তরের পার্বত্য জেলায় বেশি বৃষ্টি। উত্তরের সমতলের সব জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টি। দক্ষিণের পশ্চিমাঞ্চলের জেলায় বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বুধবার ঝাড়খণ্ড লাগোয়া জেলা অপেক্ষাকৃত বেশি বৃষ্টি পাবে। বৃহস্পতিবার গাঙ্গেয় দক্ষিণবঙ্গ সহ পশ্চিমের জেলায় বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সেদিন বিকেলের পর থেকে সার্বিকভাবে উত্তর ও দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ ও ব্যাপকতা কমবে।গতকাল রাত থেকে জেলার আবহাওয়ায় বদল এসেছে। দমকা বাতাস বইছে। মাঝে মাঝে আকাশ মেঘে ছেয়ে যাচ্ছে। তাপমাত্রার পারদও নিম্নমুখী। আজ থেকে টানা কয়েকদিন ঝড়-বৃষ্টির পূর্বাভাস দিয়েছে হাওয়া অফিস। সেই পূর্বাভাস অনুযায়ী জেলাজুড়ে বৃষ্টির পাশাপাশি ৫০ থেকে ৬০ কিমি বেগে ঝোড়ো হাওয়া বইচে। উত্তাল হচ্ছে নদী ও সমুদ্র। সুন্দরবন এলাকায় দুর্যোগের মাত্রা বেশি হতে পারে। এই পরিস্থিতি মোকাবিলায় সুন্দরবন পুলিশ জেলার নামখানা-সহ একাধিক থানার পুলিশের পক্ষ থেকে উপকূলবর্তী এলাকার বাসিন্দাদের সতর্ক করে মাইক প্রচার শুরু হয়েছে।সামুদ্রিক মৎস্য শিকার বন্ধ থাকলেও স্থানীয় নদী, খাঁড়িতে মাছ ধরার সঙ্গে যুক্ত সকল মৎস্যজীবীকে নিষেধ করা হচ্ছে। এমনকি সুন্দরবনে টর্নেডো সতর্কতা জারি করা হয়েছে। সবমিলিয়ে একদিকে টানা গরমের হাত থেকে মুক্তি মিললেও দুর্যোগের আশঙ্কা তাড়া করে বেড়াচ্ছে সুন্দরবনের বাসিন্দাদের।

# অবশেষে স্বস্তির বৃষ্টি দেখা মিললো চৈতন্য ভুমিতে



**অভিজিৎ সাহা : নিউজ সারাদিন :** তপ্ত বৈশাখের বুক চিরে, বজ্র মেঘ, ঝড়ো হওয়ার দাপট, নান্দনিক শিলাবৃষ্টির মধ্য দিয়ে অবশেষে বৃষ্টির দেখা মিলল চৈতন্য ভূমিতে।বৃষ্টির সুখবর

ধেয়ে আসল বজ্রবিদ্যুৎ সহ ঝড়বৃষ্টির বলয় গোলা। বহু প্রতীক্ষার পর অবশেষে পশ্চিমবঙ্গের জন্য বৃষ্টির সুখবর দিল আবহাওয়া দপ্তর।সর্বাধিক প্রভাব বিস্তার করবে ৬ থেকে ১২ই মে পর্যন্ত ১ সপ্তাহ সময়সীমার মধ্যে। তীব্র থেকে তীব্রতর বজ্রবিদ্যুৎ সহ ঝড়বৃষ্টির সম্ভাবনা রয়েছে উত্তরবঙ্গের পাশাপাশি দক্ষিণবঙ্গের বিভিন্ন অঞ্চলে। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বিক্ষিপ্ত ভাবে শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে। আবহাওয়া দপ্তরের খবরের জেরে মানুষসহ চাষীরা স্বস্তির আশ্বাস পেল ৬ মে সোমবার সন্ধ্যায়। সোমবার সকাল থেকে কখনো মেঘ কখনো রোদ এবং গরম হাওয়া বই ছিল সারাদিনব্যাপী। বিকেল গড়াতেই সন্ধ্যে নামার আগেই ঠিক সন্ধে ছটা দশ নাগাদ সারা নদিয়া জুড়ে নামলো বৃষ্টি। বৃষ্টির সঙ্গে সঙ্গে সামান্য ঝড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎ। দীর্ঘ সময় বিদ্যুৎ বিচ্ছিন্ন থাকে শহর গ্রাম গঞ্জের চারিদিকে। নবদ্বীপের সার্কুলার রোড রাধাবাজার, পৌরসভা, পাঁচ মাথা মোর, রামসিতা পাড়া সর্বোচ্চ বৃষ্টির জল জমে থাকে। জল জমে থাকার ফলে মানুষের যাতায়াতের প্রচন্ড অসুবিধায় পরতে হয়। বড় তেমন কোন ক্ষয়ক্ষতি হয়নি বলে জানা গেছে। ছোটখাটো দু একটি কাঁচা বাড়ি সামান্য ক্ষয়ক্ষতি হলেও মাঠে চাষিদের কাটা ধানের ক্ষতি হয়েছে বলে জানা গেছে। তবে বৃষ্টি হওয়াতে গাছপালা স্বস্তি পেলো। স্বস্তি পেল বয়স্ক মানুষরাও।

# ঝাড়খণ্ডে ইডি-র তল্লাশি,
## উদ্ধার কোটি কোটি টাকা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঝাড়খণ্ডে ইডি-র তল্লাশি। উদ্ধার কোটি কোটি টাকা। আর সেই টাকা উদ্ধারকে সাক্ষী করেই আরও একবার দুর্নীতি দমনে কেন্দ্রের বিজেপি সরকারের ভূমিকা নিয়ে সরব হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সোমবার ঝাড়খণ্ডের গ্রামীণ উন্নয়নমন্ত্রী আলমগীর আলমের ব্যক্তিগত সচিব সঞ্জীব লালের পরিচারকের বাড়িতে তল্লাশি চালান এনফোর্সমেনট ডিরেক্টরেটের (ইডি) আধিকারিকেরা। ঝাড়খণ্ডের গোদার বিজেপি সাংসদ নিশিকান্ত দুবে ইডি রেইডের একটি ভিডিও শেয়ার করে সোশ্যাল মিডিয়ায় লিখেছেন, "৩০ কোটিরও বেশি টাকা উদ্ধার হয়েছে, কাউন্টিং এখনও চলছে। আজ, ঝাড়খণ্ডের কোরাপশন কিং হিমন্ত সোরেনের সরকারের মন্ত্রী আলমগীর আলমের ব্যক্তিগত সচিবের বিরুদ্ধে বড় পদক্ষেপ করল ইডি।"

যদিও আলমগীর আলমের দাবি, তাঁর কাছে এ বিষয়ে কোনও সরকারি তথ্য নেই। তিনি টেলিভিশন দেখেই যা জেনেছেন। তবে সঞ্জীব লাল তাঁর প্রশাসন নিযুক্ত আপ্ত সহায়ক। তিনি জানান, সঞ্জীব লাল একজন সরকারি কর্মী, তাঁর আগে আরও দুই মন্ত্রীর সচিব ছিলেন তিনি।

জানা গিয়েছে, বিভিন্ন গ্রামীণ উন্নয়নমূলক প্রকল্পে আর্থিক দুর্নীতি এবং লুটের অভিযোগে গত বছরের ফেব্রুয়ারিতেই এক সরকারি ইঞ্জিনিয়ারকে গ্রেফতার করে ইডি। সেই সূত্রেই এদিনের এই তল্লাশি।তল্লাশিতে উদ্ধার হয় কমপক্ষে ২০ কোটি টাকা। তারপর থেকেই হিমন্ত সোরেন ও তাঁর দলের নেতৃত্বাধীন সরকারকে নিশানা করছেন বিজেপি রাজ্য তথা কেন্দ্রীয় নেতারা।

এদিন ওড়িশার নবরঙ্গপুরে একটি প্রচারসভা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। প্রচারসভায় বক্তৃতার সময় তাঁর মুখে উঠে আসে ঝাড়খণ্ডের টাকা উদ্ধার প্রসঙ্গ।

মোদি বলেন, "আজ ঝাড়খণ্ড মে নোটো কা পাহাড়া মিল রাহা হ্যায়। মোদি ইস টেকিং অ্যাকশন এগেইস্ট কোরাপশন। (আজ ঝাড়খণ্ডে নোটের পাহাড় উদ্ধার হচ্ছে। দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে মোদি।)"

# বুধবার ফলপ্রকাশ হবে
## উচ্চ মাধ্যমিক পরীক্ষার



**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন :** আগামী ৮ মে ২০২৪, বুধবার ফলপ্রকাশ হবে উচ্চ মাধ্যমিক পরীক্ষার। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ সূত্রে জানানো হয়েছে, বুধবার বেলা ১টায় ফলাফল ঘোষণা করা হবে। দুপুর ৩টেয় ওয়েবসাইট মারফত ফলাফল দেখতে পারবেন ছাত্রছাত্রীরা। মার্কশিট দেওয়া হবে ১০ মে ২০২৪। কীভাবে ফলাফল দেখবেন পরীক্ষার্থীরা? ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হয় ১৬ ফেব্রুয়ারি, শেষ হয়েছে ২৯ ফেব্রুয়ারি। উচ্চ মাধ্যমিক পরীক্ষা শেষের পর এবার ফলাফল প্রকাশের অপেক্ষায় রয়েছেন রাজ্যের লক্ষ লক্ষ পরীক্ষার্থী-সহ তাদের অভিভাবকরা।অনলাইনে রেজাল্ট দেখতে হলে সংসদের অফিশিয়াল ওয়েবসাইটে করতে হবে লগ ইন। এছাড়া বেশ কয়েকটি বেসরকারি সংবাদ মাধ্যমের ওয়েবসাইটেও দেখা যাবে ফল। ওয়েবসাইটগুলি হল, www.wbchse.wb.gov.in , www.wbresults. nic.in ও www.results. shiksha। রেজাল্ট জানার পাশাপাশি এখান থেকে মার্কশিট ডাউনলোড করতে পারবে পড়ুয়ারা।


কীভাবে ফল দেখবেন?


- wbchse.wb.gov.in-এ অফিসিয়াল ওয়েবসাইটে যান।

- তারপর West Bengal HS Result 2024 লিঙ্কে।

- এবার রোল নম্বর ও বিস্তারিত তথ্যদিন

- তারপর সাবমিট সংসদ জানিয়েছে, সরকারি ওয়েবসাইটের হোম পেজে ঢুকলেই স্কিনে একটি লেখা দেখতে পাবে পড়ুয়ারা। লেখাটি হল, West Bengal Higher Secondary Examination Results 2024। এতে ক্লিক করলেই খুলে যাবে একটি ফর্ম। তাতে লিখতে হবে রোল নম্বর ও জন্ম তারিখ। এর পর সাবমিট অপশনে ক্লিক করলে স্ক্রিনে চলে আসবে মার্কশিট। যা ডাউনলোড ও প্রিন্ট করতে পারবে ছাত্র-ছাত্রীরা। SMS ও অ্যাপেও রেজাল্ট দেখা যাবে।



# বাংলাদেশ থেকে খুন করে
## পালিয়ে আসা কুখ্যাত দুষ্কৃতীকে গ্রেফতার



**নদিয়া: নিউজ সারাদিন :** বাংলাদেশে দুই ব্যক্তিকে খুন করে ভারতে পালিয়ে এসেও শেষরক্ষা হল না। বেআইনি ভাবে বাংলাদেশ থেকে ভারতে এসে লুকিয়ে থাকা কুখ্যাত এক বাংলাদেশি দুষ্কৃতীকে গ্রেফতার করল হাঁসখালি থানার পুলিশ।পয়লা মে তাকে রানাঘাট মহকুমা আদালতে তোলা হলে রানাঘাট মহকুমা আদালত ধৃতকে ছ'দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেয়। সোমবার ফের তাকে রানাঘাট মহকুমা আদালতে তোলা হয়। ধৃত বাংলাদেশি যুবক তারিফুল বাঘাডাঙ্গা মহেশচন্দ্রপুর থানার ঝিনাইদহ গ্রামের বাসিন্দা বলে জানা গেছে।ওই দুষ্কৃতীকে বেআইনিভাবে আশ্রয় দেওয়ার অভিযোগে আরও দুই ব্যক্তিকে গ্রেফতার করেছে হাঁসখালি থানার পুলিশ। ৩০ এপ্রিল সোমবার রাতে হাঁসখালি পুলিশ খবর পায় ওমরপুর এলাকায় বেআইনিভাবে বাংলাদেশ থেকে ভারতে এসে লুকিয়ে আছে এক বাংলাদেশি দুষ্কৃতী। এরপরই হাঁসখালি থানার ওসি প্রবীর ঘোষের নেতৃত্বে অভিযান চালিয়ে ওমরপুর এলাকার একটি বাড়ি থেকে ওই বাংলাদেশিকে গ্রেফতার করে পুলিশ।

পুলিশ জানিয়েছে, ধৃত ওই বাংলাদেশি দুষ্কৃতীর নাম তরিকুল দফাদার। তার বিরুদ্ধে বাংলাদেশে খুন ধর্ষণ ডাকাতি সহ একাধিক অপরাধমূলক কাজের অভিযোগ রয়েছে। সূত্রের খবর, বাংলাদেশে ওই দুষ্কৃতীর বিরুদ্ধে দেখলেই গুলি চালানোর অর্ডার রয়েছে। আর সেই কারণেই আত্মগোপন করতে সে অবৈধভাবে ভারতে এসে আত্মগোপন করেছিল।

# বিজেপির প্রার্থী বারাপকপুরের
## দাপুটে নেতা অর্জুন সিং বর্তমানে সম্পত্তির পরিমাণ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বারবার ফুল বদলে এবার ফের বিজেপির প্রার্থী বারাপকপুরের দাপুটে নেতা অর্জুন সিং । গোটা এলাকা কার্যত তাঁর হাতের তালুর মতো চেনা এবং নিয়ন্ত্রণে। জানেন কত সম্পত্তির মালিক বিজেপির 'বাহুবলী'?নেহাত কম সোনার মালিক নন অর্জুন। তাঁর নিজের ৫২ গ্রাম সোনা

এরপর ৩ পাতায়

# সন্দেশখালিতে কীভাবে পরিকল্পনা করে
## মেয়েদের অসম্মান করা হয়েছে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চক্রান্ত করলে একদিন না একদিন ফাঁস হবেই। সন্দেশখালির ভাইরাল ভিডিওর কথা উল্লেখ করে এই ভাষাতেই বিজেপিকে হুঁশিয়ারি দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার সাঁইথিয়ায় বীরভূমের তৃণমূল প্রার্থী শতাব্দী রায়ের সমর্থনে নির্বাচনী সভায় মমতা বলেন, আপনারা দেখেছেন সন্দেশখালিতে কীভাবে

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

## সন্দেশখালি কাণ্ডের তদন্তে রাজ্যকে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে

আধিকারিকদের দল ন্যাজাট থানার অধীন শিরিষতলায় গিয়েছে। সেখানে দীনু মণ্ডল নামের একজনের বাড়িতে উপস্থিত হয়েছে সিবিআই। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সূত্রে জানা যাচ্ছে, শাহজাহান (Sheikh Shahjahan) এবং তাঁর শাগরেদদের বিরুদ্ধে বলপূর্বক জমি দখলের অভিযোগ করেছেন দীনু। এদিন তাঁর বাড়িতে জমির সংক্রান্ত নথিপত্র খতিয়ে দেখতে যান তদন্তকারীরা।

জানা যাচ্ছে, কাগজপত্র খতিয়ে দেখার পর অভিযোগকারী ওই ব্যক্তিকে সঙ্গে নিয়ে তাঁর জমিও ঘুরে দেখেন সিবিআই আধিকারিকরা। উল্লেখ্য, বসিরহাটের বুকে জমি দখলের মামলার তদন্তভার বর্তমানে সিবিআইয়ের হাতে রয়েছে। গোয়েন্দা সংস্থা সূত্রে খবর, ইমেলের মাধ্যমে বলপূর্বক জমি দখলের অভিযোগ জানিয়েছিলেন শিরিষতলা নিবাসী দীনু। সেই অভিযোগ পেয়েই আজ তাঁর বাড়িতে উপস্থিত হন তদন্তকারীরা।

এদিন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের সঙ্গে নিয়েই দীনুর বাড়িতে হাজির হয়েছিলেন সিবিআই আধিকারিকরা। প্রথমে তাঁর বাড়ি গিয়ে জমির কাগজপত্র খতিয়ে দেখেন গোয়েন্দারা। এরপর তাঁকে সঙ্গে নিয়ে তাঁর জমিও ঘুরে দেখেন।

এদিকে গত সপ্তাহে সন্দেশখালি কাণ্ডে হাই কোর্টের কাছে রিপোর্ট জমা দিয়েছে সিবিআই। সেদিন প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে রিপোর্ট জমা দেন তাঁরা। আদালতে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার তরফ থেকে অভিযোগ করা হয়, জমির রেকর্ড সম্বন্ধিত বিষয়ে রাজ্য সহযোগিতা করছে না। তাঁদের দাবি, জমি কেড়ে নেওয়া সম্বন্ধিত বিষয়ে প্রায় ৯০০টি অভিযোগ আছে। রাজ্য যদি সহযোগিতা না করে তাহলে তদন্তে দেরি হবে। একথা শুনে হাই কোর্ট বলেন, সন্দেশখালি কাণ্ডের তদন্তে রাজ্যকে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।

১-ম পাতার পর

## লক্ষীর ভান্ডার কি মমতা ও অভিষেকের বাপের টাকা না কি যে বন্ধ করে দেবে: অভিজিৎ

কর্মীসভা থেকে কার্যত মমতার সরকারকে হুশিয়ারির পাশাপাশি, চরম কটাক্ষ করতে দেখাযায় তমলুকের বিজেপি প্রার্থী অভিজিৎ গাঙ্গুলিকে। প্রাক্তন বিচারপতির এরূপ মন্তব্যে আবারো সমালোচনার ঝড় রাজনৈতিক মহলে।

প্রসঙ্গত উল্লেখ্য বিজেপি প্রার্থীর বিরুদ্ধে মামলা দায়ের করেছে তৃণমূল কংগ্রেস। তাতে খুনের ধারায় মামলা করা হয়েছে। তৃণমূল কংগ্রেসের প্রাথমিক শিক্ষক সমিতির অভিযোগের প্রেক্ষিকতেই বিজেপি প্রার্থীর বিরুদ্ধে অভিযোগ দায়েরকরা হয়েছে। অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের মনোনয়ন জমাকে কেন্দ্র করে তুমুল অশান্তি তৈরি হয়েছিল।'।

নন্দীগ্রামে পথ সভায় বললেন ক্ষিপ্ত অভিজিৎ গাঙ্গুলী।এদিন সকালে নন্দীগ্রামের মঙ্গলচকে কর্মীসভা থেকে কার্যত মমতার সরকারকে হুশিয়ারির পাশাপাশি, চরম কটাক্ষ করতে দেখাযায় তমলুকের বিজেপি প্রার্থী অভিজিৎ গাঙ্গুলিকে। প্রাক্তন বিচারপতির এরূপ মন্তব্যে আবারো সমালোচনার ঝড় রাজনৈতিক মহলে।

প্রসঙ্গত উল্লেখ্য বিজেপি প্রার্থীর বিরুদ্ধে মামলা দায়ের করেছে তৃণমূল কংগ্রেস। তাতে খুনের ধারায় মামলা করা হয়েছে। তৃণমূল কংগ্রেসের প্রাথমিক শিক্ষক সমিতির অভিযোগের প্রেক্ষিকতেই বিজেপি প্রার্থীর বিরুদ্ধে অভিযোগ দায়েরকরা হয়েছে। অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের মনোনয়ন জমাকে কেন্দ্র করে তুমুল অশান্তি তৈরি হয়েছিল।

১-ম পাতার পর

## লোকসভা ভোটের প্রচার সভা থেকে বিজেপিকে তুলোধনা তৃণমূল সুপ্রিমো মমতা

জোট। ৪০০-র বেশি আসনে জয়ের টার্গেট নিয়েছে পদ্ম শিবির। সেই টার্গেট পূরণের জন্য বাংলা থেকে অন্তত ৩০ -৩৫টি আসন জিততে চাইছে বিজেপি। বঙ্গ বিজেপির নেতারা দাবি করছেন, এ রাজ্য থেকে তারা ৩৫টি আসন পেলে, বাংলাতেও সরকারও পাল্টে দিতে পারবে। এসবের মধ্যেই আজ বোলপুরের তৃণমূল প্রার্থী শতাব্দী রায়ের প্রচার সভা থেকে বিজেপিকে একহাত নিলেন তৃণমূল সুপ্রিমো।

১-ম পাতার পর

## রাজভবনে শ্লীলতাহানীর তদন্ত চলছে তবে কোনও ব্যক্তি বিশেষের বিরুদ্ধে নয়

রাজ্যপালের বিরুদ্ধে শ্লীলতাহানীর অভিযোগ করেন রাজভবনেরই এক অস্থায়ী কর্মী। তিনি গত বৃহস্পতিবার রাতে হেয়ার স্ট্রিট থানায় অভিযোগ জানান। তার পরই এই অভিযোগ নিয়ে রাজ্য রাজনীতিতে তোলপাড় শুরু হয়। যদিও রাজ্যপাল নিজে এই অভিযোগ অস্বীকার করেছেন। বর্তমানে তিনি কেরলে।

১-ম পাতার পর

## আজ তৃতীয় দফার নির্বাচন

হবে যে এতদিন ধরে সন্দেশখালিতে যেসব নেতা মহিলাদের উপর নির্যাতন করছিল, তাঁদের গ্রেফতার করেননি কেন? শাহ বলেন, আপনার দলের নেতারাই দুরাচার করছিলেন। কেন হাই কোর্টকে এ বিষয়ে নির্দেশ দিতে হল?" এর পরই তিনি রীতিমতো আত্মবিশ্বাসের সঙ্গে বলেন, "মমতা বন্দ্যোপাধ্যায়কে বিদায় নিতেই হবে। বাংলা থেকে বিজেপি তিরিশের বেশি আসন পাবে।"

## দিদিগিরি সহ্য করব না: রাজ্যপাল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মমতা বন্দ্যোপাধ্যায়কে কড়া ভাষায় আক্রমণ করলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। রাজ্যপালের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ উঠেছে। তা নিয়ে মুখ্যমন্ত্রী নির্বাচনী প্রচারে রাজ্যপালকে বিঁধেছেন। তার প্রেক্ষিতেই বোস বললেন, "আমাকে নিয়ে নোংরা রাজনীতি হচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের দিদিগিরি সহ্য করব না।"'রাজ্যপালের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ ঘিরে যখন তোলপাড় রাজ্য-রাজনীতি, সেই সময় রাজভবনেই ছিলেন না বোস। রাজভবন সূত্রে খবর, শুক্রবারই তিনি চেন্নাই গিয়েছেন। এর পর সোমবার তিনি কলকাতা ফেরেন। কলকাতা বিমানবন্দরে দাঁড়িয়েই আক্রমণ করলেন মুখ্যমন্ত্রী মমতাকে। বোস বলেন, "রাজ্যপাল রাজনীতির উর্ধ্বে থাকেন। ভোটের সময় সেই রাজ্যপালকেই রাজনীতির আঙিনায় নিয়ে এলেন মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রী আমার সম্পর্কে অনেক খারাপ কথা বলেছেন। কিন্তু আমি কখনও ওঁর সম্পর্কে খারাপ মন্তব্য করিনি। ঘৃণ্য রাজনীতি করছেন মমতা বন্দ্যোপাধ্যায়।" রাজ্যপালকে পাল্টা বিঁধেছেন রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। তিনি বলেন, "উনি কলকাতায় ফিরেই রাজ্যের মুখ্যমন্ত্রী সম্পর্কে এমন কথা বলা শুরু

এরপর ৪ পাতায়

২ পাতার পর

## বিজেপির প্রার্থী বারাপকপুরের দাপুটে নেতা অর্জুন সিং বর্তমানে সম্পত্তির পরিমাণ

রয়েছে। বর্তমান সময়ে যার বাজার দর ৩ লক্ষ ৮৯ হাজার ৬৮২ টাকা। তাঁর গাড়ির দাম ৪৯ লক্ষ ৭৫ হাজার ১৩০ টাকা। এছাড়া অন্যান্য সম্পত্তি রয়েছে ১০ লক্ষের বেশি টাকার। তবে চাষযোগ্য জমি নেই অর্জুনের নামে। তাঁর যে রেসিডেন্সিয়াল বিল্ডিং রয়েছে তাঁর মোট দাম ১ কোটি ৪৫ লক্ষ ১৬ হাজার ৪৫৬ টাকা। গাড়ি-সহ বেশ কিছু ঋণও রয়েছে অর্জুনের। প্রসঙ্গত, অর্জুন পত্নীর হাতে নগদ রয়েছে মাত্র ১০ হাজার টাকা। সোনা রয়েছে ৯৩ গ্রাম।ইতিমধ্যেই মনোনয়ন পেশ করেছেন বিজেপি প্রার্থী অর্জুন সিং। হলফনামা অনুযায়ী কোটি কোটি টাকার সম্পত্তির মালিক তিনি। এই মুহূর্তে অর্জুন সিংয়ের হাতে নগদ রয়েছে ১০ লক্ষ ৮ হাজার ৩২৫ টাকা। একাধিক ব্যাঙ্কে এফডিআর রয়েছে তাঁর। ইউকো ব্যাঙ্কের আউথপুর শাখার এফডিআর রয়েছে ২ লক্ষ ১৪ হাজার ৯৬৮ টাকার। ভাটপাড়া-নৈহাটি কো-অপারেটিভ ব্যাঙ্কে এফডিআর ২ লক্ষ ১৬ হাজার ৬৯৭ টাকার। ইউকো ব্যাঙ্কের আউথপুর শাখার সেভিংস অ্যাকাউন্টে রয়েছে ২৪ হাজার ৮ টাকা। স্টেট ব্যাঙ্কের (পার্লামেন্ট হাউস ব্রাঞ্চ) সেভিংস অ্যাকাউন্টে রয়েছে ২ লক্ষ ৯২ হাজার ৭৪৬ টাকা। ভাটপাড়া-নৈহাটি কো-অপারেটিভ ব্যাঙ্কে রয়েছে ২১ হাজার ৫৯০ টাকা। আইসিআইসিআই ব্যাঙ্কে রয়েছে ১৫ হাজার ৫৪৯। এইচডিএফসি ব্যাঙ্কে রয়েছে ৪৪ হাজার ৫১৪ টাকা। পোস্ট অফিসে আছে ১০৯৮ টাকা। কোম্পানির শেয়ার রয়েছে ২৪ লক্ষ টাকার। এনএসএস রয়েছে ১ লক্ষ ৬৫ হাজার টাকার।

২ পাতার পর

## সন্দেশখালিতে কীভাবে পরিকল্পনা করে মেয়েদের অসম্মান করা হয়েছে

পরিকল্পনা করে মেয়েদের অসম্মান করা হয়েছে। এদিনও চাকরিহারাদের পাশে দাঁড়িয়ে মমতা বলেন, মোদিরা যা খুশি বলুক। দুকোটি ছেলেমেয়েকে চাকরি দেবে বলেছিল, কিন্তু চাকরি তো দেয়নি। দেশে দিনে দিনে বেকারত্ব বেড়েছে। উপরন্তু আমাদের ২৬ হাজার শিক্ষক-শিক্ষিকার চাকরি ওরা কোর্টে কেস করে খেয়ে নিয়েছে। আমরা শিক্ষক-শিক্ষিকাদের পাশে আছি। আগামী দিনে দেউচা পাঁচামিতে এক লক্ষ ছেলেমেয়ের চাকরি হবে। কোনও ঘরে বেকার থাকবে না। এটা আপনাদের গর্ব। 'ন'কোটি মানুষকে বিনা পয়সায় চাল দিতে গেলে বছরে ৩২ কোটি টাকা লাগে। এই সব টাকা আমরা দিয়েছি।ওরা জানে না, মেয়েদের কাছে টাকাটা বড় কথা নয়। মেয়েদের কাছে আত্মসম্মান, গরিমা অনেক বড় কথা। নির্বাচনে জিততে ব্লু প্রিন্ট তৈরি করেছে। এর পরই তিনি বলেন, বেশি চক্রান্ত করো না, একদিন ফাঁস হবেই। বেশি বাড় বেড়ো না, ঝড়ে পড়ে যাবে।

মোদিকে নিশানা করে মমতা বলনে, সারা দেশটাকে লুট করেছে মোদি সরকার। দেশে আর কোনও দিন ভোট হবে না যদি মোদি আবার আসেন। বিজেপি জনগণের টাকা লুট করেছে। আমি বললে দোষ হবে। আমি যে কথা রাখতে পারি সেই কথাই বলি। যে কথা রাখতে পারব না, তা আমার মুখ দিয়ে বলানো যাবে না। আমাকে দেখতে হয় আমার কাছে টাকা আছে কি না। দিল্লি তো সব টাকা বন্ধ করে দিয়েছে।

## জ্ঞান ও শিক্ষার আধার হিসেবে ভারতের ঐতিহাসিক গুরুত্বে আলোকপাত করেছেন উপ-রাষ্ট্রপতি

**নয়াদিল্লি, ০৬ মে, ২০২৪ : নিউজ সারাদিন :** উপ-রাষ্ট্রপতি শ্রী জগদীপ ধনখড় আজ জ্ঞান ও শিক্ষার কেন্দ্র হিসেবে ভারতের ঐতিহাসিক গুরুত্বের উপর আলোকপাত করেন। তিনি বলেন, দেশ তার পুরনো গৌরব পুনরায় ফিরে পেতে চায় এবং এই লক্ষ্যেই দৃঢ়ভাবে এগিয়ে চলেছে। নালন্দা ও তক্ষশীলার মতো প্রতিষ্ঠানগুলি গৌরবময় ঐতিহ্যের কথা উল্লেখ করে উপ-রাষ্ট্রপতি বর্তমান সময়ে ভারতের শিক্ষা ক্ষেত্রে আদর্শগত পরিবর্তন ও পুনরুত্থানের উপর জোর দেন। দিল্লি বিশ্ববিদ্যালয়ের মুক্ত বিদ্যালয় এসওএল - এর ৬২তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে উপ-রাষ্ট্রপতি বলেন, বিভিন্ন কাজের সঙ্গে যুক্ত ব্যক্তি, গৃহিনী বা শিক্ষা সম্পূর্ণ হয়নি, এমন পড়ুয়াদের জন্য মুক্ত বিশ্ববিদ্যালয় বিশেষ গুরুত্বপূর্ণ। উপ-রাষ্ট্রপতি বলেন, এই মুক্ত বিদ্যালয় বিভিন্ন কারণে বা পরিস্থিতির শিকার হয়ে শিক্ষা থেকে বঞ্চিত ব্যক্তিদের জন্য নতুন দরজা খুলে দিয়েছে এই প্রতিষ্ঠান। শ্রী ধনখড় জোর দিয়ে বলেন, এই ধরনের মানুষকে দ্বিতীয়বার শিক্ষালাভের সুযোগ করে দেওয়ার এই উদ্যোগ প্রশংসনীয়।

পরিবর্তনের জন্য শিক্ষা সবচেয়ে প্রভাবশালী মাধ্যম বলে মন্তব্য করে উপ-রাষ্ট্রপতি বলেন, কেবলমাত্র জ্ঞানার্জনের জন্যই শিক্ষালাভ নয়, উন্নতি, ক্ষমতায়ন ও সামাজিক পরিবর্তনের ক্ষেত্রেও এর বিশেষ ভূমিকা রয়েছে। শিক্ষা মানবজাতির অন্যতম অধিকার। উপ-রাষ্ট্রপতি বলেন, শিক্ষার থেকে বড় উপহার আর কিছু নেই। চন্দ্রযানের যাত্রা থেকে প্রেরণা নিয়ে এগিয়ে যেতে হবে বলেও মন্তব্য করেন উপ-রাষ্ট্রপতি। তিনি বলেন, কোনও কাজের শুরুতে অসফলতা এলেও তাতে হতদ্যোম হওয়ার কোনও কারণ নেই। চেষ্টা চালিয়ে গেলে সাফল্য আসবেই। এর জন্য প্রয়োজন যথাযথ মানসিকতার। ভারতীয় শিক্ষা ক্ষেত্রে নতুন শিক্ষা নীতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে মন্তব্য করে শ্রী ধনখড় বলেন, নতুন শিক্ষা নীতি পরিবর্তনের সূচনা মাত্র। শিক্ষার্থীদের উন্নয়নে ও একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় যথাযথ জ্ঞান সমৃদ্ধ সমাজ গড়ে তুলতে এই শিক্ষা নীতি পথদিশা দেখাবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দিল্লি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক যোগেশ সিং, মুক্ত বিদ্যালয়ের নির্দেশক অধ্যাপক পায়েল মাগো। এছাড়াও বিদ্যালয়ের শিক্ষক, অশিক্ষক কর্মচারী ও পড়ুয়া এবং অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

## লোকসভা ভোটের নির্ঘণ্ট প্রকাশের পর এই প্রথম ওড়িশায় এলেন মোদী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ওড়িশায় নতুন কলেবরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এনডিএ সরকারের দীর্ঘদিনের বন্ধু নবীন পট্টনায়কের বিদায়ের দিন ঘোষণা করে দিলেন রাজ্যে এসে। নিজেকে প্রভু জগন্নাথের সন্তান বলে মোদী বলেন, বিজু জনতা দলের সরকারে মেয়াদ ফুরোচ্ছে ৪ জুন।এর আগে এনডিএ-র বন্ধু দলনেতা সম্পর্কে প্রধানমন্ত্রীকে এই ভাষাতে আক্রমণ করতে দেখা যায়নি। এদিন গঞ্জামেও এক জনসভায় মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়ককে বিঁধে মোদী বলেন, কেন তাঁর বিধানসভা কেন্দ্র হিঞ্জিলি থেকে শয়ে শয়ে মানুষ পরিযায়ী শ্রমিক হয়ে চলে যাচ্ছেন? কেন এখানকার হাসপাতালগুলিতে ডাক্তারদের পদ শূন্য পড়ে রয়েছে? বাচ্চারা মাঝপথে স্কুল ছেড়ে দিচ্ছে।

মোদী আরও বলেন, সনিয়া গান্ধীর রিমোট কন্ট্রোলে যখন ১০ বছর ধরে মনমোহন সিং সরকার দিল্লিতে ক্ষমতায় ছিল, তখন ওড়িশাকে দেওয়া হয়েছে ১ লক্ষ কোটি টাকা। মোদী সরকার ১০ বছরে পট্টনায়ক সরকারকে দিয়েছে ৩.৫ লক্ষ কোটি টাকা। সেই টাকায় কী কাজ হয়েছে, প্রশ্ন তোলেন প্রধানমন্ত্রী।উল্লেখ্য, লোকসভা ভোটের সঙ্গেই বিধানসভা ভোটও একসঙ্গে হবে ওড়িশায়। এর কিছুক্ষণের মধ্যেই নবীন প্রধানমন্ত্রীর দাবিকে দিবাস্বপ্ন বলে উড়িয়ে দেন।

ব্রহ্মপুরে এক জনসভায় তিনি বলেন, আজ ৬ মে। ৬ জুনের মধ্যে ওড়িশায় বিজেপির মুখ্যমন্ত্রী নির্বাচিত হবেন এবং ১০ জুন শপথ গ্রহণ অনুষ্ঠান হতে চলেছে। আপনারা লিখে রাখুন, এই প্রথমবার ডাবল ইঞ্জিন সরকার হতে চলেছে ওড়িশায়।

লোকসভা ভোটের নির্ঘণ্ট প্রকাশের পর এই প্রথম ওড়িশায় এলেন মোদী। আগামী ১৩ মে থেকে চারদফায় ওড়িশার ২১টি লোকসভা ও ১৪৭টি বিধানসভা আসনে নির্বাচন একসঙ্গে হবে। বিদেশে পড়াশোনা করা নবীন পট্টনায়ককে উপহাসের সুরে বলেন, বিজেপি এমন একজনকে মুখ্যমন্ত্রী করবে, যিনি ওড়িয়া ভাষা ও সংস্কৃতিকে বোঝেন।

কংগ্রেস এবং বিজু জনতা দলকে নিশানা করে ওড়িশার অনুয়ন্নকেও হাতিয়ার করেন প্রধানমন্ত্রী। বলেন, আমি প্রভু জগন্নাথের সন্তান। জগন্নাথদেব কী দেননি এই রাজ্যের জন্য। এখানে রয়েছে পর্যাপ্ত জল, খনিজ সম্পদ এবং লম্বা সৈকত। কিন্তু কী হয়েছে? রাজ্য ধনী কিন্তু রাজ্যবাসী গরিব।

মোদী তির কংগ্রেস এবং নবীনের দিকে তাক করে বলেন, স্বাধীনতার পর থেকে প্রথমে কংগ্রেস এবং তারপর থেকে বিজেডি এই রাজ্য শাসন করেছে। শাসন করেনি, লুটেছে। বিজেডির চুনোপুঁটি নেতাদেরও বিশাল বিশাল বাংলো রয়েছে। কীভাবে হল এসব!

## এবার সরকার ফেলার 'ডেডলাইন' শোনা গেল অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের গলায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার সরকার ফেলার 'ডেডলাইন' শোনা গেল অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের গলায়। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ঢঙেই তমলুকের বিজেপি প্রার্থীর চ্যালেঞ্জ, ডিসেম্বরের মধ্যেই রাজ্যে বিজেপি ক্ষমতায় আসবে। আর গেরুয়া শিবির ক্ষমতা দখল করলে বাংলায় চালু হবে অন্নপূর্ণার ভাণ্ডার। সোমবার প্রচারে বেরিয়ে লক্ষ্মীর ভাণ্ডার নিয়ে বলতে গিয়ে মুখ্যমন্ত্রীকেও কুরুচিকর ভাষায় আক্রমণ শানান প্রাক্তন বিচারপতি।শুধু তাই নয়, মুখ্যমন্ত্রীকে কুরুচিকর ভাষায়ও আক্রমণ শানান বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায়। তাঁর কথায়, "মমতা বন্দ্যোপাধ্যায় এই ভোটে হেরে গেলে লক্ষ্মীর ভাণ্ডারের টাকা নাকি বন্ধ হয়ে যাবে।" এই টাকা মমতা বা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নিজস্ব সম্পত্তি নয় বলেও দাবি করেছেন তিনি। পালটা কড়া প্রতিক্রিয়া দিয়েছেন রাজ্যসভায় তৃণমূলের প্রাক্তন সাংসদ শান্তনু সেন। বলেন, "তমলুকের বিজেপি প্রার্থী বিচার ব্যবস্থাকে অন্যায়ভাবে ব্যবহার করেছেন। এধরনের কথা বলা বিজেপির সংস্কৃতি। সেই দলে গিয়ে উনি সেই দলের ভাষায় কথা বলবেন, সেটাই স্বাভাবিক।"এদিন পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে প্রচার ও জনসংযোগ করেন তমলুকের বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায় । সেখান থেকেই তৃণমূল সরকারকে চ্যালেঞ্জ ছুড়লেন তিনি। কলকাতা হাই কোর্টের প্রাক্তন বিচারপতির কথায়, "এখানে আমরা ডিসেম্বরের মধ্যে ক্ষমতায় আসব। যদি নাও আসি তাহলে ২০২৬-এ আসব। তৃণমূল উধাও হবে।" একইসঙ্গে তাঁর প্রতিশ্রুতি, "আমরা এলে এখানে অন্নপূর্ণার ভাণ্ডার চালু করব।" উল্লেখ্য, এর আগে একাধিকবার বিরোধী দলনেতার গলায় এই ডেডলাইনের কথা শোনা গিয়েছে। কখনও মাস বেঁধে দিয়েছেন, কখনও আবার তারিখ বেঁধে দিয়েছেন।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১২৩ সংখ্যা ০৭ মে, ২০২৪ মঙ্গলবার ২৪ বৈশাখ, ১৪৩১

# বাংলার সাধক বামাক্ষ্যাপা



মৃত্যুঞ্জয় সরদার

(দ্বিতীয় পর্ব)

তার সন্ধিক্ষণে আসার আমার সৌভাগ্য হয়েছিল। তিনি বহুমুখী প্রতিভা পূর্ণ একজন ব্যক্তিত্ব, সারা ভারতবর্ষের আদিবাসীদের সাদরি ভাষার তিনি একজন গবেষক।তিনি একটি লেখাকে কতটা সমৃদ্ধি তাৎপর্যপূর্ণ করে তুলতে হয় সেটি আমাকে খুব ছোট থেকে শিখিয়েছিলেন। শিক্ষা ও জানার শেষ কোথাও নেই, তাই ভারতবর্ষের মনিঋষিদের বংশধর বাংলার বামাক্ষ্যাপা যা আজ বাংলার ইতিহাসে স্মরণীয়।ভারত বর্ষ মুনি-ঋষিরা যেভাবে বংশ বিস্তার করেছিলেন তার কিছুটা কথা আজ উল্লেখযোগ্য বিষয় আমাদের পৃথিবীর ইতিহাসে। পৃথিবী যে একদম পুরোটাই ভারতবর্ষ ছিল তারও প্রমান খুব সহজেই পাওয়া যায় শাস্ত্র থেকে । উপরোক্ত গবেষণামূলক প্রতিবেদন থেকে অনেক গবেষকগণ স্বীকার করতে এখন আর দ্বিমত করে না ।

এক সময় ধীরে ধীরে সেই ভারতবর্ষ ভেঙ্গে গড়ে সাতটি পৃথক মহাদেশ এবং বহু দেশ। মূলত, ককেশাস নামক স্থানকে বলা হয় শ্বেত মানবদের উৎপত্তি উৎস হিসেবে । বর্তমান বিশ্বের পশ্চিমা জগতের যেসব সাদা লোকদের দেখতে পাওয়া যায় তাদের উত্তরসূরীদের বসতি ছিল এই ককেশাস (coucasus) নামক স্থানে ।, মোসলেম এবং খ্রিষ্টানদের মতে এ স্থানেই ছিল স্বর্গের উদ্যান এটি হল আব্রাহামের বসতভূমি । যেটিকে ইন্দো ইউরোপীয়ান ককেশিয়ানদের পিতৃভূমি হিসেবে মনে করা হয় । তৈত্তিরীয় (Aitareya) উপনিষদে এ বিষয়ে বলা



হয়েছে । ব্রহ্মার পুত্র মরিচীর পুত্র ছিল কশ্যপ মুনি । ১২০ মিলিয়ন বছর পূর্বে কশ্যপ মুনি ইন্দো-ইউরোপীয়ানদের পিতা হয়েছিলেন ।এসমস্ত ইন্দো-ইউরোপীয়ানদের কিছু পৃথিবীর পশ্চিমে গেল আর কিছু গেল পূর্বে । কশ্যপ মুনি স্বয়ং ক্যাসপিয়ান সাগরের নিকটে ধ্যান মগ্ন হয়ছিল । যার বর্তমান নামকরণ অর্থাৎ ক্যাসপিয়ান সাগর ঐ কশ্যপ মুনির নামেই নামকরণকৃত । সূর্যদেব বিবস্বান ছিলেন কশ্যপ মুনির পুত্র যার স্ত্রী ছিলেন অদিতি । সূর্যদেবের অস্থিত্ব যে পশ্চিমা দেশেও ছিল তার প্রমাণ এখন পৃথিবীর অনেক স্থানে সূর্যদেবতাকে পূজার প্রচলন ।

কশ্যপ মুনি এবং দিতি থেকে সৃষ্ট দৈত্যরা তখন ইউরোপ জুড়ে বিস্তার লাভ করেছিল । বর্তমানের টাইটানস (Titans) এবং টিউটনস (Teutons) ডাচ এবং ডিউটশ্চল্যান্ড (Deutschland) এ নামগুলো দেয়া হয়েছে 'দৈত্য' শব্দ থেকে । এ থেকে দৈত্যদের অবস্থান যে একসময় ছিল তার প্রমাণ মেলে । ব্রহ্মার আরেক পুত্র অত্রি থেকে সোম বা চন্দ্র হয় । চন্দ্রের পুত্র বুদ্ধের পুত্র ছিল পুরুরভ ।এভাবে বংশানুক্রমে আয়ু নহুম এবং পরে যথাতির জন্ম হয় । যথাতির পাঁচ সন্তান ছিল । 'যদু' থেকে বেড়ে উঠে যদুবংশ যেখানে কৃষ্ণ বলরাম আবির্ভূত হয় এবং পুরু থেকে বেড়ে উঠে পুরুবংশ (যে বংশে কৌরব এবং পান্ডবরা জন্মেছিল) যারা হল ভীষ্ম, ধৃতরাষ্ট্র, অর্জুন, যুদিষ্টির, ভীম, দূর্যোধন এবং মহারাজ পরিক্ষিত জন্ম নেয় । পুরু তখন বর্তমান মিশর স্থানটি পেয়েছিলেন তার রাজ্যের শাসনভার হিসেবে । পুরুর পুত্র ছিল প্রভির এবং প্রভিরের পুত্র ছিল মানুষ্য (Manasyu) যাকে মেনেস নামে ডাকা হত। যিনি পশ্চিমা ইতিহাসবিদদের মতে মিশরের প্রথম বংশের প্রতিষ্ঠাতা । পুরুর বংশ এভাবে ফারাও রাজা পর্যন্ত অতিবাহিত হয়েছিল । মিশরকে অজপতি নামে নামকরন করা হয় । এই অজ জাতের পুত্র ছিল অজপতি । অপরদিকে অজ ছিল ভগবান শ্রী রামচন্দ্রের পিতামহ রামচন্দ্র আবির্ভূত হয়ছিল সূর্যবংশে, সূর্যদেবের আরেক নাম রবি । 'র' তখন মিশরে সূর্য বংশের একটি শাখার অন্তর্গত ছিলেন । সেখানকার রাজা হলেন রামেস । যেটি রাম-ইস ভগবান শ্রী রামচন্দ্র থেকেই নামকরণকৃত । পান্ডব পরিবারবর্গও একসময় মিশর এবং ইউরোপে এসেছিল যা এখন সাগরে নিমজ্জিত হয় । এভাবে পিরামিডের গায়ে বৈদিক সংস্কৃতির ছোঁয়া এখনও দেখতে পাওয়া যায় তার বিবরণ আমি পরবর্তী পোষ্টে দিব । পরবর্তীতে তারা বর্তমানের ইসরাইলে গমন করে । যেটিকে বিশ্লেষন করলে দাঁড়ায় ইশ্বরাভলয় (ভূমি) তার অর্থ ইশ্বরের বাসস্থান । সুতরাং ইসরাইল ও তখন বৈদিক সংস্কৃতির সুরে নামকরণকৃত হয়েছিল ।

যযাতির তিনজন পুত্র বর্তমান ভারতের বাইরে যে দুটি রাজ্য পেয়েছিল সেগুলো হল তুর্কি এবং তুর্বাসা । যবনরা পেয়েছিল তুর্কি এবং তুর্বাসা পেয়েছিল ফার্সিয়া ইত্যাদি । মহাভারত অনুসারে (আদিপর্ব ৮৫.৩৪) তুর্বাসা দুর্যোধনের হয়ে কুরুক্ষেত্রে যুদ্ধ করেছিল। অপরদিকে অনু পেয়েছিল গ্রীক এবং ইতালী । পরশুরামের বংশদূতরাও একসময় মিশরের রাজা ছিলেন । পরশুরাম ও যদু বংশজাত যাদের কিছু ইউরোপ এবং এশিয়াতেও এসেছিল । এর পরবর্তীতে বৈদিক সংস্কৃতির প্রধান নীতি বর্ণাশ্রম ধর্ম বিভিন্ন কারনে হারিয়ে যায় । মহাভারত (আদিপর্ব ১৭৪.৩৮) অনুসারে ভীম এবং সহদেব পুলিন্দ (গ্রীকদের) জয় করেছিল কেননা তার ধর্ম পরিত্যাগ করেছিল এর বাইরেও বিভিন্ন দেশে বর্তমান ক্ষেত্রেও সংস্কৃতির ব্যবহারটাও অপরিসীম । বর্তমান 'নরওয়ে' দেশটির নাম সংস্কৃত শব্দ 'নরক' থেকে এসেছে । 'সোভিয়াত' এসেছে 'শ্বেত' থেকে । 'রাশিয়া' 'ঋষি' থেকে এসেছে, এভাবে সাইবেরিয়া শব্দটিও সংস্কৃত থেকে আগত । 'স্যান্দিনাভিয়া' 'স্কন্দ' থেকে এসেছে । যিনি দেবতাদের

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## আপ নেতার বিরুদ্ধে এনআইএ তদন্তের সুপরিশ করলেন দিল্লির লেফেটন্যান্ট গভর্নর ভি কে সাক্সেনা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিষিদ্ধ খলিস্তানি সংগঠন 'শিখস ফর জাস্টিস-এর থেকে অর্থ সাহায্য নিয়েছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল । এই অভিযোগে আপ নেতার বিরুদ্ধে এনআইএ তদন্তের সুপরিশ করলেন দিল্লির লেফেটন্যান্ট গভর্নর ভি কে সাক্সেনা । ভোটের মধ্যে আপ প্রধানের বিরুদ্ধে চাঞ্চল্যকর নতুন অভিযোগে শোরগোল রাজধানীতে ।এর আগে এস এফ জে নেতা পান্নুন অভিযোগ করেন, কেজরি প্রতিশ্রুতি রক্ষা করেননি। সংগঠনের তিনি নেতা জগদীশ সিং, মনজিৎ সিং এবং দেবেন্দ্র পাল ভুল্লরকে জেলমুক্ত করা হয়নি। এদিকে নতুন অভিযোগে বলা হয়েছে, ২০১৪ সালে নিউ ইয়র্কে খলিস্তানি নেতাদের সঙ্গে বৈঠক করেন কেজরিওয়াল। ভুল্লরের মুক্তি এবং আপকে অর্থ সাহায্য নিয়ে কথা হয়েছিল। লেফেটন্যান্ট গভর্নর সাক্সেনা স্বরাষ্ট্রমন্ত্রককে লেখা চিঠিতে জানিয়েছেন, যেহেতু অভিযোগ খোদ মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে, ভারতে নিষিদ্ধ সন্ত্রাসবাদী সংগঠনের থেকে কোটি কোটি ডলার নেওয়ার অভিযোগ একটি রাজনৈতিক দলের বিরুদ্ধে, ফলে অভিযুক্তের ফোন, ল্যাপটপ-সহ ইলেকট্রনিক ডিভাইসগুলির ফরেনসিক পরীক্ষা করে তদন্ত হওয়া উচিত। এছাড়াও একটি ভিডিওর কথা উল্লেখ করেছেন তিনি। যেখানে গুরপন্ত সিং পান্নুনকে দেখা গিয়েছে। ওই ভিডিওতে পান্নুন অভিযোগ করেন, কেজরিওয়ালের নেতৃত্বাধীন আম আদমি পার্টি ২০১৪ থেকে ২০২২ সালের মধ্যে খালিস্তানি সংগঠনের থেকে ১৬ মিলিয়ন মার্কিন ডলার তহবিল পেয়েছে।


লেফেটন্যান্ট গভর্নরের চিঠি সূত্রে জানা গিয়েছে, প্রথমে ওয়ার্ল্ড হিন্দু ফেডারেশন ইন্ডিয়ার জাতীয় সাধারণ সম্পাদক আশু মঙ্গিয়া এবং আম আদমি পার্টির প্রাক্তন কর্মী মুনীশ কুমার রাইজাদা এই বিস্ফোরক অভিযোগ করেন। ওই অভিযোগের সত্যতা যাচাই করতে ঘওঅ তদন্তের নির্দেশ করেছেন দিল্লির উপরাজ্যপাল। এদিন সাক্সেনার নির্দেশকে স্বাগত জানিয়েছেন রাইজাদা। একাধিক সংবাদমাধ্যমের কাছে তিনি দাবি করেন, আপ নেতা সঞ্জয় সিং ঘন ঘন কানাডায় যেতেন।

## সম্পাদকীয়

### ধর্ষণের মিথ্যে মামলায় ৪ বছর ধরে জেল খাটছিলেন ২৫ বছর বয়সি এক যুবক

ধর্ষণের মিথ্যে মামলায় ৪ বছর ধরে জেল খাটছিলেন ২৫ বছর বয়সি এক যুবক। আইনের সুযোগ নিয়ে যুবকের বিরুদ্ধে মিথ্যে ধর্ষণের মামলা করায় এবার মহিলার বিরুদ্ধে কড়া পদক্ষেপ করল আদালত। ওই মহিলার জেরে ঠিক যতদিন যুবক জেল খেটেছেন ততদিনের জন্য মহিলাকে হাজতবাসের নির্দেশ দিলেন বিচারক।গত শনিবার সেই মামলার শুনানিতে ধর্ষণের মিথ্যে মামলাকারী তরুণীর বিরুদ্ধে কড়া পদক্ষেপ করে বরেলির এক আদালত। আদালতের কাছে মিথ্যে কথা বলা ও মিথ্যে প্রমাণ পেশ করার অভিযোগে ২১ বছরের ওই তরুণীকে আদালত জানায়, মিথ্যে মামলায় ঠিক যতদিন ওই যুবক জেল খেটেছেন ততদিন সাজা ভোগ করতে হবে তাঁকেও। অর্থাৎ ৪ বছর ৮ মাস ৬ দিন কারাদণ্ডের নির্দেশ দেয় আদালত। একইসঙ্গে ৫ লক্ষ ৮৮ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অনাদায়ে আরও ৬ মাসের সাজার নির্দেশ দেওয়া হয়েছে।শুধু তাই নয়, ৫.৮৮ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে মহিলাকে। শনিবার নজিরবিহীন এই নির্দেশ দিয়েছে উত্তরপ্রদেশের বরেলির এক আদালত।দেশের সংবিধানে ন্যক্কারজনক ক্ষমাহীন অপরাধ ধর্ষণ। এহেন অপরাধ রুখতে নির্যাতিতাকে অগ্রাধিকার দিয়ে কড়া শাস্তির বিধান রয়েছে সংবিধানে। তবে কিছু ক্ষেত্রে দেখা যায় ধর্ষণ বিরোধী আইনের সুযোগ নিয়ে প্রতিহিংসায় লিপ্ত হন মহিলারা। সংখ্যায় কম হলেও এই ঘটনা একেবারে বিরল নয়। তারই উদাহরণ দেখা গেল উত্তরপ্রদেশে। জানা গিয়েছে, ২০১৯ সালে ২৫ বছর বয়সি এক যুবকের বিরুদ্ধে অপহরণ ও ধর্ষণের মামলা দায়ের করেছিলেন ২১ বছরের এক তরুণী। সেই মামলার জেরে জেলবন্দি ছিলেন যুবক। ঘটনার তদন্তে নেমে ওই মহিলার বয়ান পুনরায় খতিয়ে দেখার সময় অসঙ্গতি নজরে আসে তদন্তকারীদের। এর পর দীর্ঘ জেরায় পুলিশের কাছে মহিলা স্বীকার করে নেন ওই যুবকের বিরুদ্ধে আনা সব অভিযোগ মিথ্যে। অতঃপর মহিলাকে গ্রেপ্তার করে পুলিশ। যদিও আদালতে জামিন পেয়ে যান তিনি। এদিকে গত ৮ এপ্রিল তথ্য প্রমাণের অভাবে বেকসুর খালাস পান যুবক। কিন্তু ততদিনে ৪ বছর ৮ মাস ৬ দিন জেল খাটা হয়ে গিয়েছে যুবকের।

## মায়ের আশীর্বাদ অসীম সাধারণ মানুষ তার প্রমাণ পায় তারাপীঠে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এক সময় সেই ভদ্রলোক স্বামীজীর কাছে এসে বসলেন। স্বামীজী তার দিকে বিশেষ নজর না দিয়ে দেশের ও দেশের মানুষের কথা ভাবছিলেন।তার তখন প্রচন্ড খিদেও পেয়েছিল। যাইহোক, লোকটি কিছুক্ষণ বসে থাকার পর হঠাৎ স্বামীজীকে বললেন - এ জীবন কেন বেছে নিলেন ? আপনার বয়স এখন খুব কম। আপনি এই বয়সে কর্ম ত্যাগ করে এই গেরুয়া বসন পরে ঘুরে বেড়াচ্ছেন।আলস্য জীবন যাপন করে কি লাভ ? **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

৩ পাতার পর

# দিদিগিরি সহ্য করব না: রাজ্যপাল

করেছেন, যা অসম্মানজনক। এর থেকেই বোঝা যায়, মহিলাদের প্রতি ওঁর দৃষ্টিভঙ্গি কী। উনি বলছেন, মুখ্যমন্ত্রী দিদিগিরি মেনে নেবেন না। তবে কি উনি দাদাগিরি চালিয়ে যাবেন? বাংলার মানুষ এটা মানবে না। প্রতি পদে পদে প্রমাণিত হয়ে যাচ্ছে, উনি অন্যায় করেছেন। নারীদের প্রতি উনি যে অসম্মানজনক কাজকর্ম করছেন, বাংলার মানুষ তা বুঝিয়ে দেবে। পরিণতি ভাল হবে না।" প্রসঙ্গত, শ্লীলতাহানির অভিযোগ নিয়ে রাজ্যপাল বিঁধেছিলেন চন্দ্রিমা। এর পরেই তাঁকে রাজভবনে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।গত বৃহস্পতিবার রাজ্যপালের বিরুদ্ধে হেয়ার স্ট্রিট থানায় রাজভবনের এক অস্থায়ী কর্মী শ্লীলতাহানির অভিযোগ দায়ের করেন। তার পর থেকেই রাজ্যপালকে লাগাতার আক্রমণ করে যাচ্ছেন শাসকদলের নেতা-মন্ত্রীরা। রাজ্যপাল অবশ্য প্রথম থেকেই সব অভিযোগ অস্বীকার করেছেন। তাঁর বক্তব্য, অশুভ উদ্দেশ্যেই এমন অভিযোগ তোলা হয়েছে। কিন্তু আক্রমণ থামেনি। গত শুক্রবারই পূর্ব বর্ধমানের রায়নার সভা থেকে বোসকে আক্রমণ করেন মুখ্যমন্ত্রী। বলেন, "একটা ছোট্ট মেয়ে রাজভবনে চাকরি করত। তার সঙ্গে কী ব্যবহার করেছেন মাননীয় রাজ্যপাল মহাশয়? কালকে মেয়েটির কান্না আমার হৃদয় বিদারণ করেছে। রাজ্যপাল মেদিনীপুর পূর্বের একটি মেয়েকে রাজভবনে এক বার নয়, পর পর দু'বার মলেস্ট করেছেন। সেখানেই তো আপনি কাল থেকে এলেন। কই, একটা কথাও তো মুখ দিয়ে কাল বললেন না। আপনার লোকজনেরাও তো তখন ছিল, যখন মেয়েটি কেঁদে বেরোচ্ছিল। সে বলেছে, 'আর আমি রাজভবনে চাকরি করতে যাব না।' ভয় পাচ্ছে। ভাবছে যখন-তখন ডেকে খারাপ ব্যবহার করবে। অসম্মান করবে। আর আপনি মা-বোনেদের নিয়ে কথা বলেন, আপনার লজ্জা নেই!"

# সিনেমার খবর

## প্রকাশ্যে মডেলকে গুলি করে হত্যা



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : প্রকাশ্যে গুলি করে হত্যা করা হয়েছে সাবেক মিস ইকুয়েডর প্রতিযোগী ল্যান্ডি প্যারাগাকে। গত ২৮ এপ্রিল ইকুয়েডরের কুইভেডোরের একটি রেস্তোরাঁয় গুলি করে হত্যা করা হয় তাকে। তার বয়স হয়েছিল ২৩ বছর। ডেইল মেইল এ খবর প্রকাশ করেছে।

জানা গেছে, কুখ্যাত গ্যাং বসের সঙ্গে সম্পর্ক ছিল ল্যান্ডির। তাদের সম্পর্কের বিষয়টি গোপন রাখার চেষ্টা করেছিলেন তিনি। তবে শেষ রক্ষা হলো না। ধারণা করা হচ্ছে গ্যাং বসের সঙ্গে সম্পর্ক থাকার কারণেই হত্যা করা হয়েছে এই মডেলকে। নৃশংস এই হত্যাকাণ্ড সিসিটিভি ক্যামেরায় ধরা পড়েছে।

পুলিশ জানায়, সিসিটিভি ফুটেজে দেখা গেছে একটি রেস্তোরাঁয় বসে অপেক্ষা করছিলেন ল্যান্ডি। তখন দুই বন্দুকধারী খাবারের দোকানে ঢুকে তাকে লক্ষ্য করে গুলি ছোড়া শুরু করলে মেঝেতে লুটিয়ে পড়েন ল্যান্ডি। মডেলের গায়ে গুলি লাগার পরই ঘটনাস্থল থেকে দ্রুত পালিয়ে যান দুই বন্দুকধারী।

উল্লেখ্য, ২০২২ সালে মিস ইকুয়েডর প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন ল্যান্ডি। সামাজিক যোগাযোগমাধ্যমে এক মিলিয়নেরও বেশি অনুসারী রয়েছে তার। গেল বছরের ডিসেম্বরে মাদক পাচারকারী হিসেবে ল্যান্ডির নাম ওঠে পুলিশের খাতায়।

## সালমানের বাড়িতে গুলি: পুলিশ হেফাজতে অভিযুক্তের আত্মহত্যা





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : সালমান খানের বাড়িতে গুলি চালানোর মামলায় গ্রেফতার হওয়া অভিযুক্ত আসামি অনুজ থাপন বুধবার মুম্বাই পুলিশ হেফাজতে থাকা অবস্থায় আত্মহত্যার চেষ্টা করেছেন। পরে তাকে গুরুতর অবস্থায় দ্রুত একটি হাসপাতালে নিয়ে যাওয়া হলে, সেখানে চিকিৎসা চলাকালীন মৃত্যু হয় তার।

জানা গেছে, গ্রেফতারকৃত আসামি অনুজ থাপন আজ বুধবারই মুম্বাই পুলিশ হেফাজতে আত্মহত্যার চেষ্টা করেন। এর আগে, গত ১৪ এপ্রিল বান্দ্রায় সালমান খানের গ্যালাক্সি অ্যাপার্টমেন্টের বাইরে একাধিক রাউন্ড গুলি চালিয়েছিল দুর্বৃত্তরা। এ ঘটনার পেছনে গ্যাংস্টার লরেন্স বিষ্ণোইয়ের হাত রয়েছে বলে জানা গেছে।

সে সময় অভিনেতার বাড়ির সামনে সিসিটিভি ফুটেজ দেখে দু'জনকে গ্রেফতার করে মুম্বাই পুলিশ। সেদিন গুলি চালানোর জন্য দুই মূল অভিযুক্ত ভিকি গুপ্তা এবং সাগর পালকে নাকি এই অনুজই আগ্নেয়াস্ত্র দিয়েছিলেন। আগামী ৪ মে পর্যন্ত এই মামলায় অভিযুক্ত তিনজন ভিকি গুপ্তা, সাগর পাল এবং অনুজ থাপনকে পুলিশি হেফাজতে রাখার কথা ছিল। তার আগেই একজনের মৃত্যু হলো।

## নতুন রূপে ওটিটিতে আসছে 'বাহুবলী'



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : মুক্তির পর বক্স অফিসে কাঁপিয়ে দেওয়া ভারতের দক্ষিণী সিনেমা 'বাহুবলী' আসছে নতুন রূপে। নির্মাতা এস এস রাজামৌলি বলেছেন, নতুন 'বাহুবলী' হবে অ্যানিমেশন সিনেমা। যা দেখা যাবে ওটিটিতে সিরিজ হিসেবে। শিগগিরই সিনেমার ট্রেইলার প্রকাশ পাবে।

নিউজ এইট্টিন লিখেছে, রাজামৌলি এক্সে একটি ভিডিও শেয়ার করে লিখলেন, "মহাবিশ্বও আটকাতে পারবে না বাহুবলীর প্রত্যাবর্তন। আসছে বাহুবলী: ক্রাউন অফ ব্লাড।"

এর আগে ২০১৭ সালে রাজামৌলি 'বাহুবলী: দ্য লস্ট লিজেন্ডস; নামে একটি চার সিজনের অ্যানিমেটেড সিরিজ প্রকাশ করেন। সিরিজটি অ্যামাজন প্রাইম ভিডিওতে দেখানো হয়। এবারের সিরিজের গল্প নিয়ে কোনো আভাস দেননি নির্মাতা।

'বাহুবলী'র মাধ্যমে দক্ষিণ ভারতীয় তারকা থেকে গোটা ভারতের মহাতারকা বনে গেছেন প্রভাস। 'বাহুবলী' ও 'বাহুবলী টু'-এর জন্য তেলুগু এই অভিনেতা পাঁচ বছর ধরে বিরত ছিলেন অন্য কোনো ছবিতে চুক্তিবদ্ধ হওয়া থেকে। 'বাহুবলী' নির্মাতা এস এস রাজামৌলি যে একজন পারফেকশনিস্ট, সে কথা এরমধ্যেই জেনে গেছেন সবাই। বাহুবলী আর বল্লালদেবের সম্মুখসমরের দৃশ্য যেন নিখুঁত হয়, সেজন্য ছয় মাস ধরে দুই অভিনেতা প্রভাস ও রানা দগগুবতীকে লড়াইয়ের প্রশিক্ষণ নিতে বাধ্য করেছিলেন তিনি। সেজন্য সুদূর ভিয়েতনাম থেকে মার্শাল আর্ট প্রশিক্ষকের ব্যবস্থা করেছিলেন।

২০১৫ সালে মুক্তি পাওয়া 'বাহুবলী' সিনেমা আয় করে সাড়ে ছয়শ কোটি রূপি। এ সিনেমার দ্বিতীয় কিস্তি বানাতে খরচ হয়েছিল আড়াইশ কোটি রূপি, মুক্তির পর ঘরে তোলে ১৮ শ কোটি রূপি।

## টালিউডে তারিনের অভিষেক



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : বাংলাদেশের জনপ্রিয় অভিনেত্রী তারিন জাহান। তার এবার দেশের গণ্ডি পেরিয়ে কলকাতার সিনেমায় অভিষেক হলো। 'এটা আমাদের গল্প' শিরোনামের সিনেমাটি শুক্রবার (২৬ এপ্রিল) পশ্চিমবঙ্গের প্রেক্ষাগৃহে মুক্তি পায়। এটি নির্মাণ করেন মানসী সিনহা।

নিজের সিনেমা মুক্তি নিয়ে সম্প্রতি গণমাধ্যমের মুখোমুখি হয়েছিলেন তারিন। তারিন বলেন, এই সিনেমায় দর্শক আমাকে দেখবেন বাংলাদেশের মেয়ে হিসেবে, যার বিয়ে হয় কলকাতায়। যে সংসারে বিয়ে হয়, মূলত সেই সংসারের গল্প নিয়েই এগিয়েছে সিনেমার কাহিনী। এটি পরিবারসহ সবাইকে নিয়ে দেখার মতো একটি সিনেমা। আশা করি, সবার ভালো লাগবে।

প্রায় তিন দশক ধরে দেশের টেলিভিশন নাটকে দাপটের সঙ্গে অভিনয় করা এই অভিনেত্রী জানালেন কীভাবে তিনি যুক্ত হয়েছিলেন 'এটা আমাদের গল্প' সিনেমায়। তিনি বলেন, মানসী দিদি বেশ আগে একবার বাংলাদেশে এসেছিলেন। তখনই প্রথম তার সঙ্গে দেখা হয়। তারপর তিনি আমার মোবাইল নম্বর নিয়ে যান। পরবর্তীতে সিনেমায় অভিনয়ের প্রস্তাব নিয়ে যোগাযোগ করেন। গল্পটা বলেন। প্রথম শোনাতেই গল্প আমার ভালো লেগে যায়। এরপর যুক্ত হই। এইতো এভাবেই কাজটা করা।

'এটা আমাদের গল্প' সিনেমায় প্রধান দুই চরিত্রে অভিনয় করেছেন শাশ্বত চট্টোপাধ্যায় ও অপরাজিতা আঢ্য। তারিন এখানে অভিনয় করেছেন অপরাজিতা আঢ্যের ছেলের বউয়ের চরিত্রে। চরিত্রের নাম মিসেস বসু।

প্রসঙ্গত, তারিনের পাশাপাশি এই সিনেমায় খরাজ মুখোপাধ্যায়, কনীনিকা বন্দ্যোপাধ্যায়, সোহাগ সেন, আর্য দাশগুপ্ত, তাপসী মুন্সী প্রমুখ অভিনয় করেছেন।

## যেভাবে গ্রেপ্তার হলেন সাহিল খান!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : মহাদেব বেটিং অ্যাপ মামলায় জড়িত থাকার অভিযোগে ভারতের ছত্তিশগড় থেকে অভিনেতা ও ফিটনেস ইনফ্লুয়েন্সার সাহিল খানকে গ্রেপ্তার করেছে মুম্বাই পুলিশ।

স্টাইল, এক্সকিউজ মি সিনেমার মতো বেশ কয়েকটি সিনেমায় অভিনয় করে দর্শকদের নজরে এসেছিলেন সাহিল খান। তার অভিনয়ের প্রশংসা করেছেন অনেকেই। কিন্তু বলিউডের এ অভিনেতা এবার সংবাদের শিরোনাম হয়েছেন ভিন্ন কারণে। কয়েকদিন আগে মুম্বাই হাইকোর্ট অভিনেতার আগাম জামিনের আবেদন খারিজ করে দেয়। তারপর থেকেই 'পলাতক' ছিলেন সাহিল খান। অবশেষে মুম্বাই পুলিশের সাইবার সেলের বিশেষ তদন্তকারী দল (এসআইটি) ছত্তিশগড় থেকে তাকে গ্রেপ্তার করে।

২০২২ সালে অনলাইন গেমিং জুয়ায় জড়িয়েছে একাধিক বলিউড স্টারের নাম। সে তালিকায় ছিলেন সাহিল খানও। ঘটনার জেরে হওয়া একটি মামলায় সাহিলকে ছত্তীসগঢ় থেকে গ্রেপ্তার দেখানো হয়। গ্রেপ্তারের পরপরই এ অভিনেতার পক্ষে মুম্বাইয়ে উচ্চ আদালতে একটি জামিন আবেদন করা হলেও সেটি খারিজ করে দিয়েছে আদালত। গত বছর এই 'অনলাইন গেমিং অ্যাপে' জুয়ার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে সাহিলকে বেশ কয়েক বার জিজ্ঞাসাবাদ করেছে মুম্বাই পুলিশ।

অভিযুক্ত সাহিল অবশ্য বলেছেন ভিন্ন কথা। তিনি বলেন- একজন তারকা হিসেবে তিনি 'কেবল ব্র্যান্ড প্রোমোটারের' কাজ করেছেন। 'মহাদেব বেটিং অ্যাপ' কেলেঙ্কারি সম্পর্কে তিনি কিছুই জানেন না। যদিও অভিনেতার এমন কথায় মোটেই গুরুত্ব দেয়নি আদালত।

বিচারপতি এসভি কোতওয়ালের একক বেঞ্চ জানিয়েছে, এই অ্যাপের সব কার্যক্রমই বেআইনি। এতে বিপুল পরিমাণ অর্থ জড়িত রয়েছে। এর জন্য ভুয়ো ব্যাঙ্ক অ্যাকাউন্ট তৈরি হয়। এমনকি ভুয়া সিম কার্ডও ব্যবহার করা হয়। বর্তমানে এই অ্যাপচালক হিসেবে সাহিল খানের বিরুদ্ধে ইতোমধ্যে একটি মামলাও করা হয়েছে। জানা গেছে- খিলাড়ি নামে একটি বেআইনি অ্যাপ চালানোর জন্য তার বিরুদ্ধে মামলা করা হয়েছে।

## টাইগারের সঙ্গে রোম্যান্স নিয়ে যা বললেন আলায়া



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : আশা জাগিয়েছিল অক্ষয়-টাইগারের 'বড়ে মিয়াঁ ছোটে মিয়াঁ', তবে বক্স অফিসে প্রত্যাশা পূরণে ব্যর্থ এই ছবি। কমার্শিয়্যাল ছবির মশলা মজুত থাকলেও এই বিগ বাজেট ছবি টিকিট বিক্রি করে খরচ ঘরে তুলতে সফল হয়নি। এই ছবির সঙ্গেই আলয়া এফ প্রথমবারের মতো একটি লার্জার দ্যান লাইফ অ্যাকশন জঁর ছবিতে কাজ করলেন।

আলি আব্বাস জাফরের পরিচালিত এই ছবিতে একজন আইটি বিশেষজ্ঞের ভূমিকায় অভিনয় করেছেন পূজা বেদী কন্যা। নিউজ ১৮-কে এক সাক্ষাৎকারে বক্স অফিসে ছবির খারাপ পারফরম্যান্স নিয়ে মুখ খুলেছেন আলায়া । তিনি অকপটে স্বীকার করে নেন 'বড়ে মিয়াঁ ছোটে মিয়াঁ'য় তার চরিত্রটি ওভার-দ্য-টপ ছিল। নিউজ ১৮-এর সঙ্গে কথা বলার সময় অভিনেত্রী জানান, ছবির বক্স অফিসের রায় নিয়ে মাথা ঘামান না। ছবিতে নিজের চরিত্র 'প্যাম'-এর কথা বলতে গিয়ে অভিনেত্রী বলেন, 'আমার চরিত্রটিকে দু'ভাবে দেখা হয়েছে। হয় লোকেরা ভেবেছিল অ্যাকশন ছবিতে এই চরিত্র সবচেয়ে বিরক্তিকর বা তারা ভেবেছিলেন যে প্যাম তাদের সবচেয়ে প্রিয় চরিত্র। আমি চরিত্রটি একটি নির্দিষ্ট উপায়ে তুলে ধরার চেষ্টা করেছি। আমি ভালোভাবেই জানতাম যে সে সবার প্যামকে পছন্দ হবে না। কখনো কখনো, সম্পাদনার পরে কিছু দৃশ্য অনস্ক্রিনে অন্যরকম দেখায় এবং এটি আমার নিয়ন্ত্রণের বাইরে কিছু। আমি আমার হৃদয় ঢেলে অভিনয়টা করেছি এবং আমি যা সেরা মনে করেছি তা করেছি'।

তিনি আরো বলেন, 'ছবিটি মুক্তির আগে এক পর্যায়ে আমার এমন একটি মুহূর্ত ছিল যখন আমি ভেবেছিলাম, 'ওহ মাই গড, যদি লোকেরা সত্যিই এই চরিত্রটিকে ঘৃণা করে তবে কী হবে? একটা জিনিস জানতাম যে দর্শক এই চরিত্রটি মিস করতে পারবেন ন্া তবে হ্যাঁ, এটা খুব ওভার-দ্য-টপ (চরিত্র) ছিল। আমি কেবল খুশি হয়েছিলাম যে আমাকে দর্শক পর্দায় অনেকটা সময় জুড়ে দেখেছে। লোকে আমাকে একটু ঘৃণা পাঠাক, রেগে যাক (হাসি)। সেটাও কাজ করে। এবং যাই হোক, সত্যটি রয়ে গেছে যে প্রতিটি চলচ্চিত্রের নিজস্ব যাত্রা এবং ভাগ্য রয়েছে।'

গত ১১ এপ্রিল মুক্তি পেয়েছিল 'বড়ে মিঁয়া ছোটে মিঁয়া'। আলায়া ছাড়াও এই ছবিতে রয়েছেন অক্ষয় কুমার, টাইগার শ্রফ, মানুষী চিল্লার, পৃথ্বীরাজ সুকুমারন, সোনাক্ষী সিনহা এবং রনিত রায়। ছবিটি মুক্তির পরে মিশ্র পর্যালোচনা পেয়েছিল, তিন সপ্তাহে বক্স অফিসে এই ছবি প্রায় ৬০ কোটি টাকা আয় করেছে। আগামীতে রাজকুমার রাও, জ্যোতিকা ও শরদ কেলকার অভিনীত 'শ্রীকান্ত' সিনেমায় দেখা যাবে আলায়াকে। তুষার হিরানন্দানি পরিচালিত এই ছবি মুক্তি পাবে আগামী ১০ই মে।

## ওমানের বিশ্বকাপ দলে চমক



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপকে সামনে রেখে ১ মে ১৫ সদস্যের দল ঘোষণা করেছে ওমান। এই দলকে নেতৃত্ব দিবেন নতুন অধিনায়ক ব্যাটিং অলরাউন্ডার আকিব ইলিয়াস। দলে চমক হিসেবে আছেন ৩৬ বছর বয়সী সুলতান আহমেদ। ২০১৬ বিশ্বকাপে তার অভিষেক হয়েছিল এবং ২০২১ বিশ্বকাপে দলকে নেতৃত্ব দিয়েছিলেন।

বোলারদের তালিকায় আছেন বিলাল খান, কলিমুল্লাহ, ফাইয়াজ বাট ও শাকিল আহমেদ। অলরাউন্ডারের তালিকায় আছেন শাকিল-আকিব ও জিশান। ব্যাটসম্যান হিসেবে আছেন কাশ্যপ প্রজাপতি, নাসিম খুশি, প্রতীক আথাভালে ও আয়ান খান।

রিজার্ভ হিসেবে আছেন- যতিন্দর সিং, স্যাময় শ্রীবাস্তব, সুফিয়ান মেহমুদ ও জয় ওদেদরা।

বিশ্বকাপে ওমান আছে 'বি' গ্রুপে। যেখানে তাদের প্রতিপক্ষ অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, নামিবিয়া ও স্কটল্যান্ড। ২ জুন বার্বাডোজে বিশ্বকাপের প্রথম ম্যাচে মাঠে নামবে ওমান।

ওমানের বিশ্বকাপ স্কোয়াড:

আকিব ইলিয়াস (অধিনায়ক), জিশান মাকসুদ, কাশ্যপ প্রজাপতি, প্রতীক আথাভালে (উইকেটরক্ষক), আয়ান খান, শোয়েব খান, মোহাম্মদ নাদিম, নাসিম খুশি (উইকেটরক্ষক), মেহরান খান, বিলাল খান, রফিউল্লাহ, কলিমুল্লাহ, ফাইয়াজ বাট, শাকিল আহমেদ।

## টি-টোয়েন্টি বিশ্বকাপ: দল ঘোষণা নেপালের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ২০১৪ সালে বাংলাদেশে অনুষ্ঠিত টি-টোয়েন্টি বিশ্বকাপে অংশ নিয়েছিল নেপাল ক্রিকেট দল। সেবার কোয়ালিফাইং রাউন্ড থেকে বাদ পড়ে যায় এশিয়ার দলটি। ১০ বছর পর এবার ওয়েস্ট ইন্ডিজ এবং মার্কিন যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিতব্য বিশ্বকাপে অংশ নিতে যাচ্ছে নেপাল।

১ মে বিশ্ব আসরের জন্য ১৫ সদস্যের দল ঘোষণা করেছে নেপাল নেপাল ক্রিকেট অ্যাসোসিয়েশন। দলটিকে নেতৃত্ব দেবেন ওয়ানডে এবং টি-টোয়েন্টির নিয়মিত অধিনায়ক রোহিত পাউডেল। চার পেসার এবং দুই স্পিনার নিয়ে দল সাজিয়েছে নেপাল। দুই স্পিন অলরাউন্ডারের পাশাপাশি আছেন একজন পেস অলরাউন্ডার। এছাড়া বিশেষজ্ঞ ব্যাটার হিসেবে আছেন ছয়জন।

নেপালের বিশ্বকাপ দল: রোহিত পাউডেল (অধিনায়ক), আসিফ শেখ, অনিল কুমার শাহ, কুশল বুর্থেল, কুশল মাল্লা, দীপেন্দ্র সিং এইরে, ললিত রাজবংশী, কারান কেসি, গুলশান ঝা, সোমপাল কামি, প্রতীশ জিসি, সন্দীপ জোরা, অবিনাশ বোহরা, সাগর ধাকাল, কমল সিং এইরে।

# আইসিসির হালনাগাদকৃত র‍্যাঙ্কিং প্রকাশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্ব ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা আইসিসি সম্প্রতি তাদের হালনাগাদকৃত র‍্যাঙ্কিং প্রকাশ করেছে। যেখানে টি-টোয়েন্টিতে শীর্ষস্থান ধরে রেখেছেন ভারতের ডানহাতি ব্যাটার সূর্যকুমার যাদব। সেই সাথে নিউজিল্যান্ড সিরিজের পারফরম্যান্স দিয়ে সূর্যকুমারের সঙ্গে ব্যবধান কমিয়েছেন পাকিস্তানের বাবর আজমও।

১ মে আইসিসির প্রকাশিত এই নতুন র‍্যাঙ্কিংয়ে টি-টোয়েন্টি ব্যাটারদের মধ্যে এক ধাপ এগিয়ে ৪ নম্বরে উঠে এসেছেন পাকিস্তানের অধিনায়ক বাবর আজম। নিউজিল্যান্ড সিরিজের শেষ ম্যাচে ৬৯ রানের ইনিংস খেলে এগিয়েছেন তিনি। ১০ রেটিং পয়েন্ট বেড়ে তার রেটিং এখন ৭৬৩। শীর্ষে থাকা সূর্যকুমারের চেয়ে এখনও ৯৮ পয়েন্ট পিছিয়ে বাবর। সূর্যকুমারের রেটিং ৮৬১।

৮০২ রেটিং পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে ইংলিশ তারকা ফিল সল্ট। ৭৮৪ রেটিং পয়েন্ট নিয়ে তিনে বাবরের ওপেনিং পার্টনার মোহাম্মদ রিজওয়ান। সেরা পাঁচের শেষ নামটা প্রোটিয়া অধিনায়ক এইডেন মার্করামের। তার রেটিং পয়েন্ট ৭৫৫।

অন্যদিকে নিউজিল্যান্ড সিরিজে দুর্দান্ত বোলিং করে র‍্যাঙ্কিংয়ে উন্নতি করেছেন শাহিন শাহ আফ্রিদি। তিন ধাপ এগিয়ে এই বাঁহাতি ফাস্ট বোলার এখন ১৪ নম্বরে। লাহোরে সিরিজের শেষ ম্যাচে নিউজিল্যান্ডকে ৯ রানে হারিয়ে ৫ ম্যাচের সিরিজ ২-২ ব্যবধানে ড্র করে পাকিস্তান। সে ম্যাচে ৩০ রানে ৪ উইকেট নেন আফ্রিদি।

বোলারদের র‍্যাঙ্কিংয়ে বড় লাফ দিয়েছেন নিউজিল্যান্ডের বেন সিয়ার্স। ২৯ ধাপ এগিয়ে ৬০ নম্বরে উঠে এসেছেন। পাকিস্তান সিরিজে নিউজিল্যান্ডকে নেতৃত্ব দেওয়া মাইকেল ব্রেসওয়েল ১৩ ধাপ এগিয়ে উঠে এসেছেন ৫৫ নম্বরে।

সাম্প্রতিক ফর্ম ভালো না গেলেও বাংলাদেশি ব্যাটারদের মধ্যে একধাপ এগিয়েছেন লিটন দাস। ব্যাটারদের মধ্যে এখন তিনি ২৯ নম্বরে। দেশের ব্যাটারদের মধ্যে তিনিই সেরা অবস্থানে। ৩২ নম্বরে আছেন অধিনায়ক শান্ত। তবে একধাপ পিছিয়েছেন সাকিব। আছেন ৭০ নম্বরে। এক ধাপ পিছিয়ে আফিফ আছেন সাকিবের ঠিক ওপরে।

বাংলাদেশি বোলারদের মধ্যে একধাপ এগিয়েছেন তাসকিন আহমেদ। আছেন ৩২ নম্বরে। দেশের বোলারদের মধ্যে সেরা অবস্থানে আছেন মোস্তাফিজুর রহমান। তিনি আছেন ২৪ নম্বরে।

## আলি খালিজকে হারিয়ে
# কিংস কাপের ফাইনালে আল নাসের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আলো ছড়ালেন ক্রিস্টিয়ানো রোনালদো। ভাগ্যকেও পেলেন পাশে। দুই অর্ধে তার দুই গোলের মাঝে জালের দেখা পেলেন সাদিও মানেও। আলি খালিজকে সহজেই হারিয়ে কিংস কাপের ফাইনালে উঠল আল নাসের। রিয়াদে ০১ মে রাতের সেমি-ফাইনালে ৩-১ গোলে জিতে ফাইনালে উঠেছে আল নাসের। মৌসুমে প্রথম শিরোপার লক্ষ্যে ফাইনালে আল হিলালের মুখোমুখি হবে রোনালদোরা। শেষ চারের প্রথম ম্যাচে গত মঙ্গলবার আল-ইত্তিহাদকে ২-১ গোলে হারায় গতবারের চ্যাম্পিয়ন আল হিলাল। আগামী ৩১ মে মাঠে গড়াবে ফাইনাল।

প্রতিপক্ষের ভুলের সুযোগ কাজে লাগিয়ে ১৭তম মিনিটে দলকে এগিয়ে দেন রোনালদো। সতীর্থের ব্যাকপাস পেয়ে ক্লিয়ার করতে তাড়াহুড়ায় শট নেন আল খালিজের গোলরক্ষক, বল আল নাসেরের একজনের পায়ে লেগে চলে যায় বক্সের কোনায়, ছুটে গিয়ে লক্ষ্যের দিকে না তাকিয়েই শট নেন পর্তুগিজ তারকা। বল উড়ে গিয়ে দূরের পোস্ট দিয়ে ঠিকানা খুঁজে পায়। ৩৭তম মিনিটে সাদিও মানের সফল স্পট কিকে ম্যাচের নিয়ন্ত্রণও পেয়ে যায় আল নাসের। দ্বিতীয়ার্ধেও শুরুটা দুর্দান্ত হয় আল নাসেরের। ৫৭তম মিনিটে সতীর্থের ফ্লিকে বল গোলমুখে পেয়ে শট নেন রোনালদো। গোলরক্ষক ঝাঁপিয়ে ঠেকালেও ফিরতি বল পেয়ে যান পাঁচবারের বর্ষসেরা ফুটবলার, এবার আর কোনো ভুল করেননি তিনি। সহজ জয়ের পথে এগিয়ে যায় তারা। চলতি মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে আল নাসেরের হয়ে ৩৯ ম্যাচে রোনালদোর গোল হলো ৩৮টি।

৮২তম মিনিটে ফাওয়াজ আল-তোরাইসের গোলে ঘুরে দাঁড়ানোর সম্ভাবনা জাগায় আল খালিজ। যদিও শেষ পর্যন্ত কোনো নাটকীয়তার জন্ম দিতে পারেনি তারা। এই প্রতিযোগিতায় আল নাসের তাদের ছয় শিরোপার সবশেষটি জিতেছিল ১৯৮৯-৯০ মৌসুমে। সবশেষ ফাইনাল খেলেছিল তারা ২০১৯-২০ মৌসুমে; সেবার তারা হেরেছিল আল হিলালের বিপক্ষে। আল নাসেরের জন্য এবারের ফাইনাল তাই প্রতিশোধের উপলক্ষও।

## পাকিস্তানের বিপক্ষে সিরিজে ফিরছেন আর্চার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বারবার চোটের আঘাত আর কয়েক দফার অস্ত্রোপচারে গত কয়েক বছরে খুব বেশি সময় ক্রিকেট মাঠে দেখা যায়নি জফ্রা আর্চারকে। দীর্ঘদিন বাইরে থাকার পর আরও একবার জাতীয় দলের জার্সিতে মাঠে নামার খুব কাছে এই ক্রিকেটার। টি-টোয়েন্টি বিশ্বকাপের শিরোপা ধরে রাখার অভিযানের জন্য তারকা পেসারকে নিয়েই দল ঘোষণা করেছে ইংল্যান্ড।

ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে আগামী জুনে অনুষ্ঠেয় আসরের জন্য মঙ্গলবার ১৫ জনের প্রাথমিক দল ঘোষণা করেছে ইংল্যান্ড ও ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। বিশ্বকাপের জন্য দল ঘোষণার শেষ সময় ১ মে। তবে ২৫ মে পর্যন্ত দলে পরিবর্তন আনা যাবে কোনো কারণ দেখানো ছাড়াই।

কনুইয়ের চোট লম্বা সময় ধরে ভোগাচ্ছিল আর্চারকে। এই কারণে দুই বছর জাতীয় দলের বাইরে ছিলেন তিনি। খেলতে পারেননি ২০২১ ও ২০২২ টি-টোয়েন্টি বিশ্বকাপ। কয়েক দফায় অস্ত্রোপচারের পর গত বছরের জানুয়ারিতে মাঠে ফেরেন তিনি। কয়েকটি ম্যাচ খেলার পর গত মে মাসে আবারও মাথাচাড়া দেয় পুরোনো সমস্যা।


এরপর থেকে আর প্রতিযোগিতামূলক ক্রিকেটে খেলেননি আর্চার। গত মাসে কাউন্টি দল সাসেক্সের সঙ্গে ক্যাম্প করেন ভারতে। সেখানে বোলিংও করেন ডানহাতি এই পেসার। সবকিছু পরিকল্পনামতো এগোলে, মে মাসেই তাকে দেখা যাবে জাতীয় দলের জার্সি গায়ে। বিশ্বকাপের জন্য ঘোষিত এই দলই খেলবে পাকিস্তানের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে। চার ম্যাচের সিরিজটি শুরু হবে আগামী ২২ মে, হেডিংলিতে।

ইংল্যান্ড দলে ফিরেছেন আরেক পেসার ক্রিস জর্ডান। তবে ওয়ানডে ও টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ী অলরাউন্ডার ক্রিস ওকসের জায়গা হয়নি দলে। দলে অনুপস্থিত বড় নামগুলোর মধ্যে অন্যতম টেস্ট অধিনায়ক ও গত বছরের ওয়ানডে বিশ্বকাপ খেলা বেন স্টোকস। ২০২২ আসরের ফাইনালে অপরাজিত ৫২ রান করে দলের শিরোপা জয়ে তিনি রেখেছিলেন বড় অবদান। অবশ্য হাঁটুর অস্ত্রোপচারের পর পুরোপুরি সেরে ওঠার জন্য নিজে থেকেই আসছে বিশ্বকাপ থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছিলেন স্টোকস। জস বাটলারের নেতৃত্বাধীন এই দলে আরও আছেন অভিষেকের অপেক্ষায় থাকা বাঁহাতি স্পিনার টর্ম হার্টলি। ১৫ সদস্যের দলের অধিনায়ক বাটলারসহ মোট আট জন বর্তমানে খেলছেন আইপিএলে। পাকিস্তানের বিপক্ষে সিরিজ শুরুর আগেই ফিরবেন তারা।

২০২২ সালে অস্ট্রেলিয়ার মাটিতে এই সংস্করণে প্রথম বিশ্বকাপ জয়ের স্বাদ পায় ইংল্যান্ড। মুকুট ধরে রাখার লক্ষ্যে আগামী ৪ জুন স্কটল্যান্ডের বিপক্ষে ম্যাচ দিয়ে অভিযান শুরু করবে তারা।

টি-টোয়েন্টি বিশ্বকাপে ইংল্যান্ডের প্রাথমিক দল: জস বাটলার (অধিনায়ক), মইন আলি, জফ্রা আর্চার, জনি বেয়ারস্টো, হ্যারি ব্রুক, স্যাম কারান, বেন ডাকেট, টম হার্টলি, উইল জ্যাকস, ক্রিস জর্ডান, লিয়াম লিভিংস্টোন, আদিল রশিদ, ফিল সল্ট, রিস টপলি, মার্ক উড

## কোহলির সমালোচনাকারীদের
# একহাত নিলেন ডি ভিলিয়ার্স



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বরাবরের মতো এবারের আইপিএলেও ব্যাট হাতে দারুণ ছন্দে আছেন ভিরাট কোহলি। সবার আগে তিনি পৌঁছে গেছেন পাঁচশ রানের ঠিকানায়। তবে আসরের প্রায় শুরু থেকে সমালোচনা হচ্ছে এই তারকা ব্যাটসম্যানের স্ট্রাইক রেট নিয়ে। এতে ভীষণ বিরক্ত ও হতাশ তার সাবেক আইপিএল সতীর্থ ও দক্ষিণ আফ্রিকান গ্রেট এবি ডি ভিলিয়ার্স। চলতি আইপিএলে এখন পর্যন্ত ১০ ম্যাচে ৭১.৪২ গড়ে কোহলির রান ৫০০। স্ট্রাইক রেট ১৪৭.৪৯। তবে টি-টোয়েন্টি ক্রিকেটের এই যুগের যে ধারা বা এবারের আইপিএলে ব্যাটিংয়ে যে দাবি, সেটা তিনি মেটাতে পারছেন কি-না, প্রশ্নটি তুলছেন অনেকেই। কেউ কেউ মনে করছেন, অন্য দলের ওপেনারদের মতো আগ্রাসী শুরু রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুকে তিনি এনে দিতে পারছেন না। কয়েকদিন আগে সানরাইজার্স হায়দরাবাদের বিপক্ষে ৪৩ বলে ৫১ রান করার পর তার স্ট্রাইক রেটের সমালোচনা পায় নতুন মাত্রা। পরের ম্যাচেই অবশ্য গুজরাট টাইটান্সের বিপক্ষে রান তাড়ায় ৪৪ বলে ৭০ রানের অপরাজিত ইনিংস খেলে দলের জয়ে বড় অবদান রাখেন কোহলি। ম্যাচের পর স্ট্রাইক রেট নিয়ে সমালোচনাকারীদের ধুয়ে দেন তিনি। এবার নিজের ইউটিউব চ্যানেলে আলাপচারিতায় কোহলির স্ট্রাইক রেটের সমালোচনাকারীদের একহাত নিলেন তার সাবেক বেঙ্গালুরু সতীর্থ ডি ভিলিয়ার্স। তিনি বলেন, “ভিরাট কোহলি তার স্ট্রাইক রেট নিয়ে সমালোচনার শিকার হচ্ছে, যা অনেক দিন ধরেই চলছে। আমি এখন এতে বিরক্ত। বলতে গেলে আমি হতাশ। এই লোকটি এখন পর্যন্ত খেলাটির সেরাদের একজন। আইপিএলে সে অবিশ্বাস্য; সে আরসিবি দলে একটি নির্দিষ্ট ভূমিকা পালন করে। তথ্যের ওপর ভিত্তি করে অনেকেই তার সমালোচনা করে চলেছেন, যারা খেলাটি সম্পর্কে জানেন না। আপনি ক্রিকেটের কয়টা ম্যাচ খেলেছেন? আপনি আইপিএলে কয়টা সেঞ্চুরি করেছেন?” আইপিএলের সব আসর মিলিয়ে সবচেয়ে বেশি রান ও সেঞ্চুরির রেকর্ড কোহলির। ২৩৯ ইনিংসে তার রান সাত হাজার ৭৬৩। সেঞ্চুরি ৮টি।

# নিজেদের মাঠে ডর্টমুন্ডের কাছে ধরাশায়ী পিএসজি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চ্যাম্পিয়ন্স লিগের দ্বিতীয় সেমিফাইনালের প্রথম লেগে পিএসজিকে অথিয়েতা দেয় বরুসিয়া ডর্টমুন্ড। এদিন ডর্টমুন্ড ঘরের মাঠে গ্যালারিতে হলুদের ঢেউ দেখেছে ফরাসি ক্লাবটি। এই ম্যাচে পিএসজিকে ১-০ গোলে পরাস্ত করে চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে এক পা দিয়ে রেখেছে জার্মান ক্লাবটি। ১ মে দিবাগত রাতে সিগনাল এদুনা পার্কে শুরু থেকে আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে স্বাগতিকরা। ম্যাচের ১৪তম মিনিটে প্রথম শট নেয় ডর্টমুন্ড। অসুস্থতা কাটিয়ে ফেরা মিডফিল্ডার মার্সেল সাবিৎজার বল পান বক্সে। দুরূহ কোণ থেকে তার প্রচেষ্টা এগিয়ে এসে রুখে দেন গোলরক্ষক জানলুইজি দোন্নারুম্মা।

ছোট ছোট পাসে বল নিজেদের দখলে রেখে খেলতে থাকে জামান ক্লাবটি। তবে কাঙ্ক্ষিত গোলের দেখা পায় ৩৬ মিনিটে। ডিফেন্ডার নিকো স্লটারবেক নিজেদের অর্ধ থেকে বল বাড়ান উঁচু করে। অফসাইডের ফাঁদ এড়িয়ে প্রথম স্পর্শে বল দারুণভাবে নিয়ন্ত্রণে নিয়ে বক্সে ঢুকে বাঁ পায়ের শটে দোন্নারুম্মাকে পরাস্ত করেন জার্মান ফরোয়ার্ড ফুয়েলখুগ।

এদিকে ৪২তম মিনিটে আরেক ধাক্কা খায় পিএসজি। অ্যাঙ্কেলে চোট পেয়ে মাঠ ছাড়েন অভিজ্ঞ ফরাসি সেন্টার-ব্যাক লুকা এরনঁদেজ। তার বদলি নামেন তরুণ ব্রাজিলিয়ান সেন্টার-ব্যাক লুকাস বেরাওদু। তবে শেষ পর্যন্ত ১-০ তে এগিয়ে থেকে বিরতিতে যায় ডর্টমুন্ড।

দ্বিতীয়ার্ধে মাঠে নেমে সমতায় ফিরতে মরিয়া হয়ে ওঠে পিএসজি। প্রথমার্ধে না পারলেও দ্বিতীয়ার্ধের শুরু থেকে নিজেদের মেলে ধরে পিএসজি। ৪৮তম মিনিটে লক্ষ্যে প্রথম শট নিতে পারে তারা। বারকোলার সেই শট ঠেকিয়ে দেন গোলরক্ষক।

৫১তম মিনিটে ভাগ্যের ফেরে গোল পায়নি পিএসজি। প্রথমার্ধে নিষ্প্রভ থাকা কিলিয়ান এমবাপ্পের শট লাগে দূরের পোস্টে। পরক্ষণে আশরাফ হাকিমির নিচু শট লাগে আরেক পোস্টে।

৬০তম মিনিটে সুযোগ পায় স্বাগতিকরা। বক্সে ভালো পজিশনে বল পেয়ে উড়িয়ে মারেন ফুয়েলখুগ। ৭২তম মিনিটে আরেকটি সুযোগ পান দেম্বেলে। এমবাপ্পের পাসে সাবেক বার্সেলোনা ফরোয়ার্ডের শট ব্যর্থ করে দেন গোলরক্ষক।

নির্ধারিত সময়ের তিন মিনিট বাকি থাকতে বড় হাত ছাড়া করে সফরকারীরা। ভিতিনিয়ার ক্রসে বক্সের ভেতর থেকে ফাবিয়ান রুইসের হেড অল্পের জন্য লক্ষ্যে থাকেনি। বাকি সময়ে আর সুযোগ মেলেনি। তাই ১-০ ব্যবধানের জয় নিয়ে মাঠ ছাড়ে জামার্ন জায়ান্টরা।

এই ম্যাচে পিএসজি হারলেও ব্যবধানটা খুব বড় নয়। দ্বিতীয়বারের মতো চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে যাওয়ার ভালো সুযোগ এখনও আছে ফরাসি ক্লাবটির।

সেই লক্ষ্যে আগামী মঙ্গলবার ঘরের মাঠে ফিরতি লেগে নামবে তারা। এর আগে ঘরের মাঠেই ডর্টমুন্ডকে ২-০ গোলে হারিয়ে আসরের পথচলা শুরু করেছিল লিগ ওয়ানের দলটি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১

■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR